# কন্যাশিশু বার্তা



## জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫
## বিশেষ সংখ্যা

জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম

## এ সংখ্যায় যা থাকছে


- সম্পাদকীয়
- নিরাপদ কন্যাশিশু – সমৃদ্ধ বাংলাদেশ: নাছিমা আক্তার জলি
- জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর উদ্যোগে কেন্দ্রীয়ভাবে জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদ্‌যাপন
- ফোরাম-এর উদ্যোগে দেশব্যাপী জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদ্‌যাপন
- ফোরাম-এর সহযোগী সংগঠনের উদ্যোগে জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদ্‌যাপন



**সম্পাদক**
নাছিমা আক্তার জলি

**সম্পাদকমণ্ডলীর সদস্য**
মেহেদী হাসান
নাসিমুল ইসলাম সুজন

**নির্বাহী সম্পাদক**
দেলোয়ার আমিন

**সম্পাদনা সহযোগী**
সৈয়দা আহসানা জামান এ্যানী

**জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম**
সচিবালয়: দি হাঙ্গার প্রজেক্ট
৩/৭, আসাদ এভিনিউ
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন: ৮১২-৯৭৭৫, ৯১৩-০৪৭৯
ফ্যাক্স: ৮১১-৩৮১২
ওয়েব: www.girlchildforum.org
ফেসবুক: www.facebook.com/NGCAF


# সম্পাদকীয়

**'কন্যাশিশুর নিরাপদ পরিবেশ, সমৃদ্ধ করবে আগামীর বাংলাদেশ'**

দারিদ্র্য হ্রাস, মাতৃ ও শিশুমৃত্যুর হার কমানো ও বিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে জেন্ডার সমতা-সহ জাতিসংঘের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা এমডিজি অর্জনে অসামান্য সফলতা দেখিয়েছে বাংলাদেশ। এমডিজি শেষ হওয়ার পর ২০১৬ সাল থেকে পৃথিবীর অন্যান্য দেশের মত বাংলাদেশও শুরু করবে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-এসডিজি বাস্তবায়ন যাত্রা।

২০১১ সালের আদমশুমারি অনুযায়ী, বাংলাদেশের মোট ১৫ কোটি ২৫ লাখ... জনসংখ্যার মধ্যে ৭ কোটি ১০ লাখ ৬৪ হাজার জনই নারী। অর্থাৎ দেশের অর্ধেক জনগোষ্ঠীই নারী। এত বিশাল সংখ্যক জনগোষ্ঠীকে উন্নয়নের ধারায় যুক্ত না রেখে কোনো উন্নয়নই টেকসই হবে না- এটি আজ সবার অনুধাবনযোগ্য। এর প্রতিধ্বনি দেখা যায় 'এজেন্ডা-২০৩০' বা এসডিজিতেও। নারীর সার্বিক উন্নয়নের ওপর গুরুত্ব দিয়ে এর লক্ষ্য ৫ এ নারীদের সম-অধিকার এবং তাদের ও কন্যাশিশুদের ক্ষমতায়ন নিশ্চিত করার কথা বলা হয়েছে।

বাংলাদেশে নারী ও কন্যাশিশুদের বর্তমান অবস্থা ও অবস্থান বিশ্লেষণ করলে দেখা যায় যে, পুরুষতান্ত্রিক দৃষ্টিভঙ্গির কারণে এবং সামাজিক সচেতনতার অভাবে নারী ও কন্যাশিশুরা নানাভাবে বঞ্চনা ও নির্যাতনের শিকার হচ্ছে। আইন ও সালিশ কেন্দ্র-এর প্রতিবেদন অনুযায়ী, ২০১৫ সালে ৮৪৬ জন নারী ও শিশু ধর্ষণ ও ৩৫ জন নারী অ্যাসিড নিক্ষেপের শিকার হয়েছেন। একই সময়ে হত্যা করা হয়েছে ১৩৩ জন শিশুকে। ইউনিসেফ-এর (২০১৪) প্রতিবেদন অনুযায়ী, দক্ষিণ এশিয়ায় বাল্যবিবাহ ও কিশোরী নির্যাতনের দিক থেকে শীর্ষে বাংলাদেশ। দেশে এখনও ৬৬ শতাংশ বিয়েতেই কনের বয়স থাকে ১৮ বছরের নিচে। এছাড়াও বাংলাদেশের বিপুল সংখ্যক নারী ও কন্যাশিশু ক্ষুধা, অপুষ্টি ও পাচারের শিকার। ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরাম-এর প্রতিবেদন (২০১৪) অনুযায়ী, লিঙ্গ বৈষম্য সূচকে ১৪২টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৬৮তম।

উপরোক্ত পরিসংখ্যানগুলো থেকে প্রতীয়মান হয় যে, নারী ও কন্যাশিশুদের জন্য আমরা এখনো নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে পারিনি। অথচ এসডিজি অর্জন তথা টেকসই উন্নয়নের জন্য নারীদের সম-অধিকার ও তাদের ক্ষমতায়ন নিশ্চিত করা অপরিহার্য। এ লক্ষ্যে নারী নির্যাতন, যৌন হয়রানি ও নারী ও শিশুপাচার বন্ধ করতে হবে। রোধ করতে হবে বাল্যবিবাহ। রাজনৈতিক অঙ্গন, অর্থনীতি ও সাধারণ মানুষের জীবনে নারীদের ক্ষমতা নিশ্চিত করতে হবে।

জাতিসংঘ জনসংখ্যা তহবিল-এর এক গবেষণা (২০১৫) অনুযায়ী, বাংলাদেশের জনসংখ্যা ২০৩১ সাল নাগাদ ১৯ কোটিতে পৌঁছাবে। তখন দেশের নারীর সংখ্যা হবে প্রায় দশ কোটি। তারা তখন দেশের মানব মূলধন ভিত্তির অর্ধেকের প্রতিনিধিত্ব করবে এবং সার্বিক প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করবে – যার জন্য এসডিজির লক্ষ্য ৫ পুরোপুরি বাস্তবায়ন করতে হবে।

আমাদের উপলব্ধিতে আনা দরকার যে, কোনো দেশের নারী ও কন্যাশিশুরা যদি বৈষম্য ও অন্যায়ের শিকার হয়, তখন সে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র্য বিমোচন ও সামাজিক উন্নয়নের গতি কমে যায়। অন্যদিকে নারী ও কন্যাশিশুদের যখন সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষমতায়ন হয়; তখন পুরো জাতিই এগিয়ে যায় সমৃদ্ধির পথে। কারণ নারীরা একটি শক্তিশালী দেশ, স্থিতিশীল সমাজ ও পরিবারের ভিত্তি হিসেবে কাজ করে।

আসুন, এ বোধকে ধারণ করে কন্যাশিশুদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করে তাদের বিকশিত হওয়ার পরিবেশ নিশ্চিত করি। একইসঙ্গে সকল প্রকার বঞ্চনা-বৈষম্য দূর করে সকল স্তরে নারী-পুরুষ সমতা তথা নারীর ক্ষমতায়ন নিশ্চিত করি। আমাদের অঙ্গীকার হোক- 'নারী ও কন্যাশিশুদের নিরাপত্তা ও নারী-পুরুষ সমতা নিশ্চিত করবো, সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলবো'।

## কেন্দ্রীয়ভাবে জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদ্‌যাপন


# সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে কন্যাশিশুদের নিরাপত্তা ও অধিকার নিশ্চিতের আহ্বান



'কন্যাশিশুর নিরাপদ পরিবেশ, সমৃদ্ধ করবে আগামীর বাংলাদেশ'- এই শ্লোগানকে সামনে রেখে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে বাংলাদেশ শিশু একাডেমী ও জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর যৌথ উদ্যোগে উদ্‌যাপিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে ১১ অক্টোবর, ২০১৫ সকাল ৮:৩০টায় শাহবাগ জাতীয় যাদুঘরের সামনে থেকে বাংলাদেশ শিশু একাডেমী পর্যন্ত এক র‍্যালি এবং র‍্যালি শেষে সকাল ১০:৩০টায় বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

র‍্যালি ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মেহের আফরোজ চুমকি এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব নাছিমা বেগম এনডিসি- মাননীয় সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন জনাব ড. বদিউল আলম মজুমদার- সভাপতি, জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম ও জনাব শাহিদা আক্তার ডলি- সহ-সভাপতি জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম। এছাড়া সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম.এ. মুহিত- দু পার এডাভেঞ্চার ভয়েস বাংলাদেশ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোশাররফ হোসেন- পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন জনাব নাছিমা আক্তার জলি- সম্পাদক, জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম।



প্রধান অতিথির বক্তব্যে মেহের আফরোজ চুমকি বলেন, 'আমাদের দেশে এখনও ৩৫ লাখ শিশু বিভিন্ন ঝুঁকিতে রয়েছে। আমাদেরকে এ ব্যাপারে সচেতন হতে হবে। বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করতে হলে এবং এসডিজির লক্ষ্যসমূহ অর্জন করতে হলে কন্যাশিশুর প্রতি কোনো বৈষম্য করা যাবে না।' তিনি বলেন, 'কন্যাশিশুদের মৌলিক অধিকারসমূহ যথা- শিক্ষা, পুষ্টি ও স্বাস্থ্য ইত্যাদি নিশ্চিত করতে হবে, কোনোভাবেই তাদের মৌলিক অধিকারসমূহ থেকে বঞ্চিত করা যাবে না।' শিশুর প্রতি সকল প্রকারের সহিংসতা বন্ধ করার এবং ঐক্যবদ্ধভাবে সবকিছু মোকাবিলা করার আহ্বান জানান।




সভাপতির বক্তব্যে জনাব মোশাররফ হোসেন বলেন, 'জাতীয় কন্যাশিশু দিবস খুব উৎসবমুখর পরিবেশে পালিত হচ্ছে। আমাদের দেশে নীতি-নির্ধারণী পর্যায়ে নারীর সংখ্যাগত কম হলেও তাদের অবদান অত্যন্ত ইতিবাচক। তাদের সাহসী ভূমিকার জন্যই আমাদের অন্যান্য নারীরা এগিয়ে যাচ্ছে। আমি বিশ্বাস করি, আমাদের নারী ও কন্যাশিশুরা শুধুমাত্র বাংলাদেশেই নয়, আন্তর্জাতিক অঙ্গনেও ভূমিকা রাখতে সক্ষম হবে। এজন্য তাদের বিকশিত হওয়ার পরিবেশ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে।'



ড. বদিউল আলম মজুমদার বলেন, 'কন্যাশিশুদের অধিকার প্রতিষ্ঠায় সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আমরা ২০০০ সাল থেকে জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন করছি। আমাদের আন্দোলনের ফলে বর্তমানে কন্যাশিশুর অধিকার মানবাধিকারে পরিণত হয়েছে। জাতিসংঘও ১১ অক্টোবরকে আন্তর্জাতিক কন্যাশিশু দিবস হিসেবে ঘোষণা দিয়েছে। আমরা লক্ষ করছি যে, কন্যাশিশুরা সমাজে প্রতিনিয়তই নানা বঞ্চনার শিকার হয়। অথচ কন্যাশিশু তথা নারীরা সমাজের অর্ধেক অংশ। সমাজের অর্ধেক অংশই যদি বঞ্চিত হয়, সে জাতি কখনো উন্নতি করতে পারে না।'



কন্যাশিশুর নিরাপদ পরিবেশ তৈরির আহ্বান জানিয়ে শাহিদা আক্তার ডলি বলেন, 'বর্তমানে বৃহত্তর পরিসরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হচ্ছে। কন্যাশিশুদের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনের ক্ষেত্রে এটি একটি ইতিবাচক অর্জন। আমাদের ভুলে গেলে চলবে না যে, আজকের কন্যাশিশু আগামী দিনের মা। তাই কন্যাশিশুদের অধিকার প্রতিষ্ঠা তথা তাদের বিকশিত হওয়ার সুযোগ করে দিতে হবে।'



এম.এ. মুহিত বলেন, 'সবাই নিজ নিজ প্রতিভা নিয়ে জন্মায়। তার আর স্বপ্ন, তার তার এডভেঞ্চার। তাই নিজ স্বপ্নপূরণে সর্বোচ্চ চেষ্টা করতে হবে।' তিনি বলেন, 'শিশুদের ওপর জোর করে কোনোকিছু চাপিয়ে দিলে এতে তার প্রতিভা নষ্ট হয়ে যেতে পারে। এজন্য শিশুদেরকে স্বাভাবিকভাবে বেড়ে ওঠার সুযোগ করে দেয়া দরকার।'



এর আগে অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্যে ফোরাম-এর সম্পাদক নাছিমা আক্তার জলি বলেন, 'কন্যাশিশুদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা ও তাদের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে 'কন্যাশিশুর নিরাপদ পরিবেশ, সমৃদ্ধ করবে আগামীর বাংলাদেশ'- এই প্রতিপাদ্য খুবই তাৎপর্যপূর্ণ। কারণ জাতির সমৃদ্ধি নিশ্চিত করতে হলে কন্যাশিশুর জন্য নিরাপদ পরিবেশ সৃষ্টি করতে হবে। এব্যাপারে সরকারের পাশাপাশি সবাইকে সচেতন হতে হবে এবং দায়িত্ব পালন করতে হবে।'





অনুষ্ঠানের বিশেষ পর্বে দিবস উদ্‌যাপন উপলক্ষে প্রকাশিত কন্যাশিশু-১১ জার্নাল এবং পোস্টার-এর মোড়ক উন্মোচনও করা হয়। দ্বিতীয় পর্বে শিশু-কিশোরদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালিত হয়। সঙ্গীত পরিবেশন করেন বিশিষ্ট লালন সঙ্গীতশিল্পী জনাব ফকিরা শাহরীন।

**নীতি-নির্ধারক এবং শিশুদের অংশগ্রহণে অনুষ্ঠিত হলো 'বাল্যবিবাহ ও শিশু নির্যাতন প্রতিরোধে করণীয়' শীর্ষক উন্মুক্ত সংলাপ**



শিশু অধিকার সপ্তাহ ও জাতীয় কন্যাশিশু দিবস-২০১৪ উপলক্ষে নীতি-নির্ধারক এবং সমাজের বিভিন্ন পর্যায়ের শিশুদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় 'বাল্যবিবাহ ও শিশু নির্যাতন প্রতিরোধে করণীয়' শীর্ষক একটি উন্মুক্ত সংলাপ। ১৭ অক্টোবর, ২০১৪ সকাল ১০:৩০টায় এফডিসির ৮নং ফ্লোরে এ উন্মুক্ত সংলাপ অনুষ্ঠিত হয়। উন্মুক্ত সংলাপটি যৌথভাবে আয়োজন করে জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম, উন্নয়ন সেবা সংগঠন (SDS), ইন্টারন্যাশনাল চাইল্ড ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (ICDI), ইসলামিক রিলিফ বাংলাদেশ ও ডিবেট ফর ডেমোক্রেসি।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মেহের আফরোজ চুমকি, এমপি। অনুষ্ঠানে অতিথি আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আইন ও সালিশ কেন্দ্র-এর নির্বাহী পরিচালক অ্যাডভোকেট সুলতানা কামাল ও ঢাকা মেট্রোপলিটন পুলিশের যুগ্ম কমিশনার জনাব কৃষ্ণ পদ রায় পিপিএম। উন্মুক্ত সংলাপটি সঞ্চালনা করেন ডিবেট ফর ডেমোক্রেসি'র চেয়ারম্যান জনাব হাসান আহমেদ চৌধুরী কিরণ। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর সম্পাদক জনাব নাছিমা আক্তার জলি।

মাননীয় প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেন, 'কোনো শিশু রাস্তায় ঘুরে বেড়াবে না এবং না খেয়ে মরবে না- এটি আমাদের নিশ্চিত করতে হবে। আমি বিশ্বাস করি, শিশু গড়বে সোনার দেশ, যদি সে পায় পরিবেশ'। বর্তমান সরকার অঙ্গীকারবদ্ধ শিশুদেরকে সোনার দেশ দেয়ার জন্য।' মাননীয় প্রতিমন্ত্রী আরও বলেন, 'শিশুদের মৌলিক অধিকারসমূহ যথা- শিক্ষা, পুষ্টি, খাদ্য ইত্যাদি নিশ্চিত করতে হবে। কোনোভাবেই তাদের মৌলিক অধিকারসমূহ থেকে বঞ্চিত করা যাবে না।' তিনি শিশুর প্রতি সকল প্রকারের সহিংসতা বন্ধ এবং ঐক্যবদ্ধভাবে সবকিছু মোকাবেলা করার আহ্বান জানান। তিনি আরও বলেন, 'গুম, অপহরণ ও শিশু নির্যাতন ইত্যাদি সম্পর্কে গণমাধ্যম সূত্রে জানামাত্রই আমরা তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করছি।'

জনাব সুলতানা কামাল বলেন, 'আমাদের সংবিধানে জাতি, ধর্ম নির্বিশেষে কোনো ধরনের বৈষম্য করা যাবে না বলে বলা আছে। কিন্তু আমরা এখনো শিশুর অধিকার সম্পর্কে পুরোপুরি সচেতন হতে পারিনি। সকল শিশুর নিরাপত্তা প্রদান করা রাষ্ট্রের দায়িত্ব। শিশুদের অন্ন, বস্ত্র ও বাসস্থানের ন্যায় মৌলিক চাহিদাসমূহ নিশ্চিত করা রাষ্ট্রের অংশ হিসেবে এ দায়িত্ব সরকারের। তাই সকলের প্রতিনিধিত্ব নিয়ে সরকারকে যথাযথভাবে এ দায়িত্ব পালন করতে হবে।'

জনাব কৃষ্ণ পদ রায় বলেন, 'শিশু নির্যাতন বিষয়ক মামলাগুলো গুরুত্বের সাথে খতিয়ে দেখা হচ্ছে। যদি এর সাথে পুলিশ প্রশাসনের কোন লোকও জড়িত থাকে তাহলে তাকেও ছাড় দেয়া হবে না। অপরাধী যে প্রতিষ্ঠানেরই হোক না কেন, বা জনপ্রতিনিধিই হোক না কেন তার পরিচয়-সে অপরাধী। শিশু নির্যাতন রোধে এবং এ বিষয়ে সচেতনতা সৃষ্টিতে আমরা পুলিশ বিভাগের উদ্যোগে জেন্ডার ও শিশু অধিকার বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করছি। আমরা নারী ও শিশুবান্ধব ডেস্কও খুলেছি।'



ছবি: উন্মুক্ত সংলাপে উপস্থিত শিশুদের সাথে অতিথিবৃন্দ।

শুভেচ্ছা বক্তব্যে নাছিমা আক্তার জলি বলেন, 'শিশুরা আগামীর ভবিষ্যত। তাদের নিরাপত্তা নিশ্চিত করে বিকশিত হওয়ার পরিবেশ করে দেয়া আমাদের সবার দায়িত্ব। শিশুদের অধিকার নিশ্চিত হলে আমরা একটি

সুখী-সমৃদ্ধ দেশ গড়ে তুলতে পারবো।'

### শিক্ষার্থীদের অংশগ্রহণে বিতর্ক প্রতিযোগিতা

## শিশু নির্যাতন বন্ধে সামাজিক সচেতনতা ও আইনের সঠিক প্রয়োগের ওপর গুরুত্বারোপ



শিশু নির্যাতন বন্ধ করতে হলে সুশাসনের পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধি করা দরকার বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এমপি। তিনি ১৯ অক্টোবর ২০১৫ সকাল ১০:৩০টায় বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত এক বিতর্ক প্রতিযোগিতায় এ মন্তব্য করেন। 'সুশাসন নয়, সামাজিক অবক্ষয়ই শিশু নির্যাতনের প্রধান কারণ'- শীর্ষক বিষয়ের এই সচেতনতামূলক বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে জাতীয় কন্যাশিশু এ্যাডভোকেসি ফোরাম ও ডিবেট ফর ডেমোক্রেসি।

মাননীয় শিক্ষামন্ত্রী বলেন, 'বর্তমান সরকার শিশু নির্যাতন বন্ধে সচেষ্ট রয়েছে। আমাদের শিক্ষার উদ্দেশ্য হলো মানবিক মূল্যবোধসম্পন্ন নাগরিক তৈরি এবং তাদেরকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করা। আমরা চাই, সুখী-সমৃদ্ধ বাংলাদেশ।' তিনি বলেন, 'সরকারের নেয়া বিভিন্ন পদক্ষেপের কারণে শিক্ষাক্ষেত্রে এমডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে আমরা সফল। বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে ছেলেশিশুর চেয়ে মেয়েশিশুর ভর্তির হার বেশি। মাধ্যমিকেও প্রায় সমান। এটা এক বিরাট অর্জন। আমরা দারিদ্র্য দূরীকরণেও সফলতা অর্জন করেছি। আমরা আশা করি, ভিশন-২০২১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিতে সক্ষম হবো।'

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ ব্রাদার রবি পিউরিফিকেশন সি.এস.সি এবং ব্র্যাক-এর জেন্ডার জাস্টিস অ্যান্ড ডাইভারসিটি ও মাইগ্রেশন কর্মসূচির পরিচালক জনাব শীপা হাফিজা।

ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান জনাব হাসান আহমেদ চৌধুরী কিরণ-এর সভাপতিত্বে ও সঞ্চালনায় 'সুশাসন নয়, সামাজিক অবক্ষয়ই শিশু নির্যাতনের প্রধান কারণ'- শীর্ষক বিষয়ে সরকারি দল হিসেবে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব উচ্চ বিদ্যালয়, মুন্সীগঞ্জ এবং বিরোধী দল হিসেবে আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা অংশগ্রহণ করে।

অনুষ্ঠানে পর্যালোচক অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোশাররফ হোসেন- পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী এবং জাতীয় কন্যাশিশু এ্যাডভোকেসি ফোরাম-এর সম্পাদক জনাব নাছিমা আক্তার জলি।

ব্রাদার রবি পিউরিফিকেশন সি.এস.সি বলেন, 'শিশুরা দুর্বল, তাই তাদের ওপর বিভিন্ন ধরনের নির্যাতন হয়। শিশুদের ওপর নির্যাতন বন্ধে আইন-শৃঙ্খলা বাহিনীকে সোচ্চার থাকতে হবে। পাশাপাশি আমাদেরকে সচেতন থাকার পাশাপাশি এ বিষয়ে সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে।'

শীপা হাফিজা বলেন, 'শিশু নির্যাতন বন্ধে সামাজিক অবক্ষয় রোধ করতে হবে। এজন্য আমাদেরকে মানবিক মূল্যবোধসম্পন্ন হতে হবে। একইসাথে সমাজের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে।'

মোশাররফ হোসেন বলেন, 'আমাদের শিশুরা তাদের মেধার বিকাশের মাধ্যমে নিজেদের যোগ্য নাগরিক হিসেবে তৈরি করছে। এর মাধ্যমে আমরা এক সমৃদ্ধশালী দেশে পরিণত হবো। আমাদের দায়িত্ব হবে তাদের বিকশিত হওয়ার পরিবেশ তৈরি করে দেয়া।'



ছবি: অতিথিবৃন্দের সাথে বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা।

নাছিমা আক্তার জলি আশা প্রকাশ করে বলেন, 'আমরা সবাই মানবিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হবো, শিশু নির্যাতন বন্ধে আইন প্রয়োগের পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধি করবো এবং আমাদের দেশকে এগিয়ে নেবো।'

### 'কন্যাশিশু-১১' জার্নাল ও পোস্টারের মোড়ক উন্মোচন



কন্যাশিশুর অধিকার নিশ্চিতকরণের সামাজিক আন্দোলনকে বিস্তৃত করার অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম হলো প্রকাশনা। এমন অনুধাবন থেকে প্রতিবছরের ন্যায় এবারও দেশের ২৫ জন খ্যাতনামা লেখকের প্রবন্ধ নিয়ে প্রকাশিত হয় 'কন্যাশিশু ১১' শিরোনামে একটি জার্নাল। প্রবন্ধসমূহে লেখকগণ কন্যাশিশুদের অবস্থা ও অবস্থান তুলে ধরার পাশাপাশি জাতির সামগ্রিক উন্নয়নের স্বার্থে কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন। তাঁরা অনুসন্ধান করেছেন শিশুবিবাহ-সহ বিভিন্ন সামাজিক কুপ্রথার কারণ এবং উল্লেখ করেছেন এগুলো বন্ধের উপায়সমূহ।

উল্লেখ্য, ১২ অক্টোবর জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমীতে আয়োজিত আলোচনা সভার বিশেষ এক পর্বে 'কন্যাশিশু-১১' জার্নাল ও দিবসকে কেন্দ্র করে প্রকাশিত পোস্টারের মোড়ক উন্মোচন করা হয়।

### বিশেষ ক্রোড়পত্র প্রকাশ



জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উপলক্ষে ১২ অক্টোবর দৈনিক সমকাল পত্রিকায় একটি বিশেষ ক্রোড়পত্র প্রকাশিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং জাতীয় কন্যাশিশু এ্যাডভোকেসি ফোরাম ও প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ-এর সহায়তায় ক্রোড়পত্রটি প্রকাশিত হয়। এতে মহামান্য রাষ্ট্রপতি অ্যাডভোকেট আব্দুল হামিদ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয়

প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এমপি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব নাছিমা বেগম এনডিসি, জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর সভাপতি ড. বদিউল আলম মজুমদার, বাংলাদেশ শিশু একাডেমী-এর চেয়ারম্যান কথাসাহিত্যিক সেলিনা হোসেন ও প্ল্যান ইন্টারন্যাশনাল-এর কান্ট্রি ডিরেক্টর সিনাত্রের সেওবোমেভেনিয়ার তাঁদের মূল্যবান বাণী প্রদান করেন। এতে ফোরাম সম্পাদক নাছিমা আক্তার জলি'র 'নিরাপদ কন্যাশিশু – সমৃদ্ধ বাংলাদেশ' শিরোনামের একটি নিবন্ধ প্রকাশিত হয়।

বাণীতে মহামান্য রাষ্ট্রপতি অ্যাডভোকেট আব্দুল হামিদ বলেন, '...আজকের কন্যাশিশু আগামী দিনের নারী তথা মা। তাই প্রতিটি কন্যাশিশুর পরিপূর্ণ বিকাশে তাদের অধিকার প্রতিষ্ঠা ও নিরাপত্তা নিশ্চিত করা আমাদের কর্তব্য। বর্তমান সরকারে নারীর ক্ষমতায়নে অত্যন্ত আন্তরিক। ...কন্যাশিশুদের সামগ্রিক উন্নয়নে সামাজিক সচেতনতা বৃদ্ধি অপরিহার্য। বিশেষ করে পরিবারের ভূমিকা এক্ষেত্রে অত্যধিক বলে আমি মনে করি। ...প্রতিটি কন্যাশিশু যাতে যত্নের সাথে বেড়ে উঠতে পারে এবং আধুনিক শিক্ষায় শিক্ষিত হতে পারে সে লক্ষ্যে সকলকে সচেতন হতে হবে। আমি জাতীয় কন্যাশিশু দিবসে কন্যাশিশুদের সম-অধিকার ও মর্যাদা নিশ্চিত করতে প্রতিটি পরিবার, সচেতন নাগরিক-সহ সর্বস্তরের জনগণকে এগিয়ে আসার আহ্বান জানাই।...'

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেন, '...কন্যাশিশুর নিরাপত্তা ও অধিকার নিশ্চিত করতে পারলে জাতি হিসেবেই আমরা এগিয়ে যাব। এ লক্ষ্য অর্জনে তথা কন্যাশিশুদের কল্যাণে আমাদের সরকার অবৈতনিক শিক্ষা প্রচলন, উপবৃত্তি প্রবর্তন, বিনামূল্যে বই বিতরণ, নারী শিক্ষকের সংখ্যা বৃদ্ধি, মাতৃত্ব ভাতা বৃদ্ধি-সহ বিভিন্নমুখী কর্মসূচি বাস্তবায়ন করে চলেছে। আমরা জাতীয় শিশুনীতি-২০১১, জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ প্রণয়ন করেছি। নারী ও শিশু নির্যাতন (দমন) আইন ২০০০ ও বাল্যবিবাহ নিরোধ আইন আধুনিকীকরণের লক্ষ্যে এর খসড়া প্রণয়ন করা হয়েছে। ...আমাদের নেওয়া এসব পদক্ষেপের ফলে গত দু'দশকে বাংলাদেশে বাল্যবিবাহ কমে এসেছে। কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিত করে তাদেরকে শিক্ষিত, সু-স্বাস্থ্যের অধিকারী ও উপার্জনক্ষম করা গেলে তারা পরিবার তথা রাষ্ট্রের সম্পদে পরিণত হবে।...'

**শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতা**

জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর আয়োজনে এবং কারিতাস বাংলাদেশ-এর সহযোগিতায় রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে দুটি গ্রুপে সারাদেশ থেকে প্রায় তিন হাজার সাত শ' জন শিক্ষার্থী অংশগ্রহণ করে, এরমধ্যে ১৪ জন শিক্ষার্থীকে বিজয়ী হিসেবে পুরস্কার প্রদান করা হয়। পঞ্চম থেকে সপ্তম শ্রেণির শিক্ষার্থীরা 'ক' গ্রুপে 'আমারও আছে অধিকার' বিষয়ে এবং অষ্টম থেকে দশম শ্রেণির শিক্ষার্থীরা "শিক্ষাক্ষেত্রে কন্যাশিশুর নিরাপত্তা নিশ্চিতে করণীয়" বিষয়ে রচনায় অংশগ্রহণ করে।

'ক' গ্রুপে প্রথম স্থান অর্জন করে রাজধানী ঢাকার তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের মুনতাছ জামসিদ। দ্বিতীয় স্থান অধিকার করে রাজধানী ঢাকার এডুকো জুনিয়র সেকেন্ডারি স্কুলের সপ্তম শ্রেণির ছাত্রী সিনথিয়া আক্তার। যৌথভাবে তৃতীয় স্থান অর্জন করে হলিক্রস উচ্চ বালিকা বিদ্যালয়ের নুসাবা নাওয়ার জাকারিয়া এবং এডুকো জুনিয়র সেকেন্ডারি স্কুলের উম্মে সালমা রীম আক্তার। চতুর্থ স্থান অধিকার করে ইসলামিক রিলিফ বাংলাদেশ পরিচালিত মুক্তিগ্রামের সফল হাট উচ্চ বিদ্যালয়ের ছাত্র মোঃ মাসুদ রানা। রংপুর তাজুক হাতু খাঁপুরী উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির ছাত্রী মোছাঃ রাকিয়া সুলতানা অর্জন করে পঞ্চম স্থান এবং মেহেরপুর কে.এন.এস.এইচ বালিকা মাধ্যমিকের ষষ্ঠ শ্রেণির ছাত্রী মোছাঃ শিখী খাতুন অর্জন করে ষষ্ঠ স্থান।

'খ' গ্রুপে কিশোরগঞ্জের চানমান পনি শিক্ষা নিকেতনের দশম শ্রেণির ছাত্রী সুমাইয়া জান্নাতুল (ঐশী) প্রথম স্থান অর্জন করে। দ্বিতীয় স্থান অর্জন করে দিনাজপুরের মাহানপুর আদর্শ উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী জিন্নাতুন আক্তার। ঢাকা শিক্ষাবোর্ড ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির ছাত্রী সুমাইয়া আক্তার তৃতীয় স্থান অর্জন করে। বরিশাল মাধবপাশা (চন্দ্রদ্বীপ) হাই স্কুল অ্যান্ড কলেজ এর অষ্টম শ্রেণির ছাত্র মোঃ টিপু সুলতান অর্জন করে চতুর্থ স্থান। নওগাঁর সাপাহার আল হেলাল ইসলামী একাডেমী অ্যান্ড কলেজের দশম শ্রেণির ছাত্র নাসির মাহমুদ নাহিদ অর্জন করে পঞ্চম স্থান। এছাড়াও ঢাকার মিরপুরে অবস্থিত ইসলামী ব্যাংক মডেল স্কুল অ্যান্ড কলেজের দশম শ্রেণির ছাত্রী সায়লা সুলতানা এবং খুলনার পল্লী জাগরণী মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী পপিয়া মন্ডল যৌথভাবে ষষ্ঠ স্থান অর্জন করে।

# ফোরাম-এর উদ্যোগে দেশব্যাপী জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদ্‌যাপন

## বরিশাল অঞ্চল

**বরিশাল শহর**



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১০ অক্টোবর ২০১৫ বরিশাল শহরের শিশু একাডেমি মিলনায়তনে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা পঙ্কজ রায়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক কাজী হোসনে আরা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাহেলা হক- সভাপতি, জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম, বরিশাল জেলা। আরও উপস্থিত ছিলেন মেহের আফরোজ মিতা- আঞ্চলিক সমন্বয়কারী, দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ। অনুষ্ঠানে কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিত করা এবং বাল্যবিয়ে বন্ধে সবাইকে ভূমিকা রাখার আহ্বান জানানো হয়।

**মেহেরগতি ও চাঁদপাশা ইউনিয়ন, বাবুগঞ্জ উপজেলা, বরিশাল**

কন্যাশিশুদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানানোর মধ্য দিয়ে ১২ অক্টোবর, ২০১৫ দেহেরগতি ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে দেহেরগতি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইদুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি বজলুর রহমান। আলোচনা সভার পর বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি র‍্যালি বের করা হয়। এছাড়া ১৩ অক্টোবর ২০১৫ বাবুগঞ্জ উপজেলার চাঁদপাশা ইউনিয়নের বিদ্যমান

টেকপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

### আগৈলঝাড়া উপজেলা, বরিশাল



১২ অক্টোবর ২০১৫ আগৈলঝাড়া উপজেলা সদরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা দিপীকা রাণী সেন। প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জসীম উদ্দিন সরদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সহকারী মুক্তিযোদ্ধা কমান্ডার রফিক সেরনিয়াবাত এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বশিরুর রহমান প্রমুখ। কন্যাশিশুদের পক্ষ থেকে বক্তব্য রাখেন পৈসা মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রী সুমাইয়া ইসলাম মৌ।

এছাড়া ১৪ অক্টোবর ২০১৫ আগৈলঝাড়া উপজেলা সদরের শ্রী মহিমাচন্দ্র বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে বিদ্যালয়ের মিলনায়তনে আলোচনা সভা আয়োজন ও পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু নির্মলেন্দু বাড়ৈ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নারীনেত্রী মুক্তা রানী কর এবং রুবীনা আক্তার।

### রাজিহার ইউনিয়ন, আগৈলঝাড়া উপজেলা, বরিশাল

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১৩ অক্টোবর ২০১৫ রাজিহার ইউনিয়নের রামানন্দেরআঁক মাধ্যমিক স্কুলের মিলনায়তনে আলোচনা ও পুরস্কার বিতরণী সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু শংকর লাল বিশ্বাস। প্রধান অতিথি ছিলেন বাশাইল কলেজের প্রভাষক বাবু দিনেশ চন্দ্র জয়ধর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রামশীল কলেজের প্রভাষক মন্মথ ভক্ত এবং নারীনেত্রী প্রমীলা বাড়ৈ। আলোচনা সভায় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ এর প্রতিপাদ্য বিষয়ের উপর আলোচনা করা হয়।

### ঝালকাঠি শহর

'পরিবার হচ্ছে উপযুক্ত শিক্ষালয়, আর একজন মা হচ্ছেন এই বিদ্যালয়ের বড় শিক্ষক। তাই ভবিষ্যতের মা তথা আমাদের কন্যাশিশুদের বিকশিত হওয়া, সাহস যোগানো এবং তাদের নিরাপত্তা নিরাপত্তা নিশ্চিত করতে হবে। আর কন্যাশিশুরা যদি বিকশিত হওয়ার সুযোগ পায় তাহলে জাতি হিসেবে আমরা এগিয়ে যাব।' জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে আয়োজিত কন্যাশিশু সমাবেশ ও মুক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে ঝালকাঠির জেলা প্রশাসক রবীন্দ্র শ্রী বড়ুয়া এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঝালকাঠি পুলিশ সুপার সুভাষ চন্দ্র সাহা। সভাপতিত্ব করেন জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জাকির হোসেন।

### কেওড়া ইউনিয়ন, ঝালকাঠি সদর উপজেলা

র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ঝালকাঠি সদর উপজেলার কেওড়া ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। ১৪ অক্টোবর ২০১৫ ৩নং ওয়ার্ডের সাতুরিয়া নীল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন নারীনেত্রী মঞ্জু বেগম। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি বাবু রনজিৎ হালদার। আলোচনা সভা শেষে উজ্জীবক, নারীনেত্রী, ইয়ুথ লিডার এবং স্থানীয় গণমান্য ব্যক্তিবর্গের অংশগ্রহণে র‍্যালি অনুষ্ঠিত হয়।

### কীর্তিপাশা ইউনিয়ন, ঝালকাঠি সদর উপজেলা

জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদযাপন উপলক্ষে ১৪ অক্টোবর ২০১৫ কীর্তিপাশা ইউনিয়নের ৩নং ওয়ার্ডের খাজুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নারীনেত্রী শিখারাণী হালদার। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইউপি সদস্য বাবু বিপ্লু বেপারী। আলোচনা সভার পর উপস্থিত ছিলেন উজ্জীবক, নারীনেত্রী, ইয়ুথ লিডার ও শিক্ষার্থীদের অংশগ্রহণে র‍্যালি বের করা হয়।

### নলছিটি উপজেলা, ঝালকাঠি



১৫ অক্টোবর ২০১৫ নলছিটি উপজেলার প্রাণিসম্পদ সড়কে অবস্থিত রহিম কিডস গার্ডেন এ পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনায় সভায় সভাপতিত্ব করেন নলছিটি মডেল সোসাইটি-এর নির্বাহী পরিচালক মোঃ খলিলুর রহমান খান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মৌমিতা শারমীন। তিনি তাঁর বক্তব্যে বলেন, 'পরিবার থেকে কন্যাশিশুদের যত্ন নিতে হবে এবং সামাজিকভাবে তাদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। আমরা যদি কন্যাশিশুদের বিকশিত হওয়ার পরিবেশ নিশ্চিত করতে পারি তাহলে জাতি হিসেবে আমরা এগিয়ে যেতে পারবো।' অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন রোজিনা খানম, নাসিমা বেগম এবং রেক্সিন আক্তার প্রমুখ। আলোচনা সভা শেষে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়।

### পটুয়াখালী শহর



জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উপলক্ষে পটুয়াখালীতে শিশু সমাবেশ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবসের শুরুতে লাউকাঠী শহীদ স্মৃতি বিদ্যা নিকেতনের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম জেলা কমিটির সদস্য সচিব স.ম দেলোয়ার হোসেন দিলীপ। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন লাউকাঠী শহীদ স্মৃতি বিদ্যা নিকেতনের প্রধান শিক্ষক মনীন্দ্র চন্দ্র দত্ত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক হাবিবুর রহমান, জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর জেলা কমিটির আহ্বায়ক মাহফুজা ইসলাম এবং ইয়ুথ লিডার মোঃ রফিকুল ইসলাম প্রমুখ।

## কুমিল্লা অঞ্চল

### কুমিল্লা শহর

জাতীয় কন্যাশিশু দিবস ২০১৫ উপলক্ষে ১১ অক্টোবর ২০১৫ কুমিল্লা পুলিশ লাইন উচ্চ বিদ্যালয়ে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।



আলোচনা সভায় সভাপতিত্ব করেন সুন্দর নারী উন্নয়ন সংস্থা-এর নির্বাহী পরিচালক শাহানা হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সঞ্জয় কুমার ভৌমিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ লাইন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোশাররফ হোসেন। আলোচনা সভায় বক্তারা বলেন, 'আজকের কন্যাশিশু, আগামী দিনের নারী। কারণ আগামী প্রজন্ম গড়ে উঠে মাকে কেন্দ্র করে। তাই নিরাপদ নিশ্চিত কন্যাশিশুদের জন্য মানসম্মত শিক্ষা ও পুষ্টি-সহ সকল ধরনের সুবিধা নিশ্চিত করতে হবে।'

## লাকসাম উপজেলা, কুমিল্লা



উপজেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা এবং র‍্যালির মধ্য দিয়ে লাকসাম উপজেলা সদরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফাতেমা-তুজ-জোহরা। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন লাকসাম উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান হাসিনা বেগম। এছাড়া অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ শামসুল আলম এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ সাইফউদ্দিন প্রমুখ।

## উত্তরদা ইউনিয়ন, লাকসাম পৌরসভা, কুমিল্লা




১২ অক্টোবর ২০১৫ উত্তরদা ইউনিয়নের নবাবপুর পার্বতী স্কুল অ্যান্ড কলেজে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে নারীনেত্রী ও ইউপি সদস্য মিনা হক-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোয়াজ্জেম আলী মজুমদার। এছাড়া বক্তব্য রাখেন বিদ্যালয়ের শিক্ষক মাহমুদা আক্তার, নজরুল নবী, রেহেনা পারভীন শিলা এবং মোঃ আবুল হাসেম প্রমুখ।

## আজগরা ইউনিয়ন, লাকসাম উপজেলা, কুমিল্লা

জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ আজগরা ইউনিয়নের হাজী আলতাফ আলী স্কুল অ্যান্ড কলেজে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম আজগরা ইউনিয়ন কমিটির সভাপতি নুরুজ্জামান জাহাঙ্গীর। আলোচনা সভায় অংশ নেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোঃ নিজাম হোসেন, সিনিয়র শিক্ষক মকবুল আহমেদ শাহী এবং দেবাশীষ ভৌমিক প্রমুখ। আলোচনা সভা শেষে বের হওয়া একটি র‍্যালি আজগরা বাজারের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

## মনোহরগঞ্জ উপজেলা, কুমিল্লা



১১ অক্টোবর ২০১৫ উপজেলা প্রশাসনের আয়োজনে এবং দি হাঙ্গার প্রজেক্ট-এর সহযোগিতায় মনোহরগঞ্জ উপজেলা সদরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তানজুমা পারভিন দুনা। বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মজিবুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা দেলোয়ার হোসেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা রাজেন্দ্র কুমার প্রমুখ। বক্তারা বাল্যবিবাহ বন্ধ করে কন্যাশিশুদের শিক্ষা ও পুষ্টি এবং নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানান।

## মৈশাতুয়া ইউনিয়ন, মনোহরগঞ্জ উপজেলা, কুমিল্লা



১২ অক্টোবর ২০১৫ র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মৈশাতুয়া ইউনিয়নের আশিরপাড় উচ্চ বিদ্যালয়ে পালিত হয়। দিবসের শুরুতে বিদ্যালয়ের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা বাল্যবিবাহের কুফল এবং কন্যাশিশুদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিতের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন। সভা শেষে বের হওয়া একটি র‍্যালি মৈশাতুয়া বাজার-সহ আশপাশের সড়কগুলো প্রদক্ষিণ করে।

## ঝলম উত্তর ইউনিয়ন, মনোহরগঞ্জ উপজেলা, কুমিল্লা

বিকশিত নারী নেটওয়ার্ক-এর আয়োজনে ১২ অক্টোবর ২০১৫ ঝলম উত্তর ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে বড়কেশতলা উচ্চ বিদ্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন নারীনেত্রী জোসনে আরা। আলোচনায় অংশ নেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক খায়রুল হাসান, সিনিয়র শিক্ষক জামাল আহমেদ এবং হারুন অর রশিদ প্রমুখ। আলোচনা সভা শেষে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে একটি র‍্যালি বের হয়।

## নাঙ্গলকোট উপজেলা, কুমিল্লা



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে এবং দি হাঙ্গার প্রজেক্ট-এর সহযোগিতায় নাঙ্গলকোট উপজেলা সদরে

আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠিত হয়। দিবসের শুরুতে উপজেলা পরিষদ চত্ত্বর থেকে বের হওয়া একটি র‍্যালি বের হয়ে এলাকার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে এবং বেগম জাহিদা উচ্চ বিদ্যালয়ের সভাকক্ষে বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামীমা বেগমের সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লাইলা আঞ্জুমান বন্যা, সাংবাদিক মোঃ দুলাল হোসেন, সিনিয়র শিক্ষক সেলোয়ারা বেগম প্রমুখ।

## আদ্রা ইউনিয়ন, নাঙ্গলকোট উপজেলা, কুমিল্লা


১২ অক্টোবর ২০১৫ আদ্রা ইউনিয়নের বেলঘর-বেতাই বাজার উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। নারীনেত্রী মরিয়ম আক্তার-এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অংশ নেন বিদ্যালয়ের শিক্ষক মোঃ জাহাঙ্গীর আলম, শহীদুল ইসলাম, সমর চক্রবর্তী, বেলঘর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াছিন মোল্লা প্রমুখ। আলোচনা সভার পর বের হওয়া একটি র‍্যালি স্থানীয় সড়কগুলো প্রদক্ষিণ করে।

## হেসাখাল ইউনিয়ন, নাঙ্গলকোট উপজেলা, কুমিল্লা




জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে হেসাখাল ইউনিয়নের সাতেমঘাটী বাজার উচ্চ বিদ্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন আব্দুল মান্নান। দিবস পালনের প্রতিপাদ্য তুলে ধরে বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক কলিম উদ্দিন, শিক্ষক আব্দুল লতিফ এবং বাবুল ইসলাম প্রমুখ। আলোচনা সভার পর শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি র‍্যালি অনুষ্ঠিত হয়।

## লক্ষীপুর শহর




জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ লক্ষীপুর শহরের মজু চৌধুরীর হাট শাহ জালাল আইডিয়াল উচ্চ বিদ্যালয়ে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌরসভার নারী কাউন্সিলর শাহনা বেগম এবং মাহমুদা আক্তার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শাহজালাল আইডিয়াল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুল গফুর। অনুষ্ঠানে বক্তারা বাল্যবিবাহের অভিশাপ থেকে কন্যাশিশুদের মুক্ত করে তাদের শিক্ষা ও পুষ্টির অধিকার এবং নিরাপত্তা নিশ্চিতের আহ্বান জানান।

## চট্টগ্রাম অঞ্চল

### কক্সবাজার শহর

জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদযাপন উপলক্ষে কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে জাতীয় মহিলা সংস্থার কার্যালয় পর্যন্ত একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন নারীনেত্রী শামীম আক্তার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা



ভাইস চেয়ারম্যান হেলেনাজ তাহেরা। প্রধান অতিথি তাঁর বক্তব্যে কন্যাশিশুদের নিরাপদে বেড়ে ওঠার পরিবেশ নিশ্চিত করতে সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মুজিবুর রহমান এবং শিক্ষিকা মাসুদা বেগম প্রমুখ।

## মাতারবাড়ী, মহেশখালী উপজেলা, কক্সবাজার



১২ অক্টোবর ২০১৫ মহেশখালী উপজেলার মাতারবাড়ীতে নারীনেত্রী রুজি খানের নেতৃত্বে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে মাতারবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয় থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালির পর বিদ্যালয়ের মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহেশখালী উপজেলা আওয়ামী লীগের সভানেত্রী মোশারফা বেগম। অনুষ্ঠানে উপস্থিত তিন শ'র অধিক নারী-পুরুষ কন্যাশিশুদের অধিকার রক্ষায় নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখার অঙ্গীকার করেন।

## চকরিয়া উপজেলা, কক্সবাজার



নানা কর্মসূচির মধ্য দিয়ে চকরিয়া উপজেলা সদরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫, সকাল ১০.০০টায় একটি র‍্যালি বের করা হয়। র‍্যালির পর চকরিয়া বিজয় মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চকরিয়া উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান শাকিয়া বেগম চম্পা। তিনি তাঁর বক্তব্যে বলেন, 'পুরুষতান্ত্রিক দৃষ্টিভঙ্গির কারণে আমাদের অনেক কন্যাশিশু তার শিক্ষা ও পুষ্টির অধিকার পায় না। তাদের অনেকেই বাল্যবিয়ের শিকার হয়। এ অবস্থায় জাতির সামগ্রিক সমৃদ্ধি নিশ্চিত করতে হলে কন্যাশিশুদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে।'

## ডেমুশিয়া ইউনিয়ন, চকরিয়া উপজেলা, কক্সবাজার

দি হাঙ্গার প্রজেক্ট-এর আয়োজনে র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ডেমুশিয়া ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। আলোচনা সভায় সভাপতিত্ব করেন স্থানীয় ইউপি সদস্য শেখ শাহিদা। আলোচনা সভায় দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ-এর এলাকা সমন্বয়কারী মোঃ মাঈনুল ইসলাম ও শিক্ষক মুজিবুল হক জাতীয় কন্যাশিশু দিবসের

পালনের প্রতিপাদ্য, কন্যাশিশুদের অধিকার ও নিশ্চিত করার গুরুত্ব এবং বাল্যবিবাহের কুফল সম্পর্কে আলোচনা করেন। অনুষ্ঠানে শিক্ষক-শিক্ষার্থী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ ১৫০ জন নারী-পুরুষ উপস্থিত ছিলেন।

### কোনাখালী ইউনিয়ন, চকরিয়া উপজেলা, কক্সবাজার

জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে ১২ অক্টোবর কোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান দিদারুল হক-এর নেতৃত্বে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে কোনাখালী কাইদিয়া উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবস পালনের প্রতিপাদ্যকে সামনে রেখে বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মজিবুর রহমান, বিশিষ্ট রাজনীতিবিদ শামসুল আলম, নুরুল আলম এবং জাহাঙ্গীর আলম প্রমুখ।

### লামা উপজেলা, বান্দরবান জেলা



র‍্যালি ও আলোচনা সভার মধ্যে লামা উপজেলা সদরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিবসের শুরুতে একতা-এর কার্যালয় থেকে একটি র‍্যালি বের হয়। র‍্যালির পর একতা-এর কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ৭০ জন নারী-পুরুষ সবাই কন্যাশিশুদের নিরাপত্তা পরিবেশ ও তাদের বিকশিত হওয়ার পরিবেশ নিশ্চিত করতে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখার অঙ্গীকার করেন।

## ঢাকা অঞ্চল

### মানিকগঞ্জ শহর



সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে কন্যাশিশুর নিরাপদ পরিবেশ নিশ্চিতের আহ্বান জানানোর মধ্য দিয়ে মানিকগঞ্জ শহরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। ১২ অক্টোবর ২০১৫ মানিকগঞ্জ পাবলিক স্কুল থেকে একটি র‍্যালি বের হয়। আলোচনায় অংশ নেন বিকশিত নারী নেটওয়ার্ক মানিকগঞ্জ জেলা কমিটির সাধারণ সম্পাদক নিলুফার ইয়াসমিন খুকি এবং উপজেলা কমিটির সভাপতি ফারজানা আক্তার মিমি। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তারা পরিবার থেকে কন্যাশিশুদের যত্ন নেয়া, বাল্যবিবাহ বন্ধ করে তাদের বিকশিত করে তোলার পরিবেশ নিশ্চিত করার গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন।

### দিঘী ইউনিয়ন, মানিকগঞ্জ জেলার সদর উপজেলা

১২ অক্টোবর ২০১৫ দিঘী ইউনিয়নের ভাতিবাড়ির প্রাথমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে থেকে ৯০ জন শিক্ষার্থীর অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে মানিকগঞ্জ সদর উপজেলার সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান শাহেদা আক্তার-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন গড়পাড়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং উজ্জীবক মোঃ চাঁন মিয়া এবং আব্দুস সালাম।

### গড়পাড়া ইউনিয়ন, মানিকগঞ্জ জেলার সদর উপজেলা

কন্যাশিশুর নিরাপদ পরিবেশ নিশ্চিত করার আহ্বান জানানোর মধ্য দিয়ে গড়পাড়া ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ গড়পাড়া বহুমুখী উচ্চ বিদ্যালয় থেকে একটি র‍্যালি বের হয়। র‍্যালিটি গড়পাড়া বাজার ও ইউনিয়ন পরিষদ পরিভ্রমণ করে। র‍্যালি শেষে গড়পাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আক্তার উদ্দিন-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গড়পাড়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ-এর এলাকা সমন্বয়কারী স্বপন সিকদার আলোচনায় অংশ নেন।

### সোনারগাঁ উপজেলা, নারায়ণগঞ্জ



জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উপলক্ষে সোনারগাঁ উপজেলা সদরে আলোচনা সভা ও র‍্যালির আয়োজন করা হয়। ১৮ অক্টোবর ২০১৫ সোনারগাঁ শহীদ মিনার প্রাঙ্গণে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর নেত্রী নেহারুন ইসলাম রুমা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় মহিলা সংস্থা-এর চেয়ারম্যান ভাতিয়া নিয়াকত। বিশেষ অতিথি হিসেবে ছিলেন আয়নারা আক্তার, জাহেদা আক্তার মনি এবং সালমা আক্তার প্রমুখ। সভায় বক্তারা বাল্যবিবাহ ও যৌতুক বন্ধ করা, নারী ও শিশু নির্যাতন রোধ করে একটি আত্মনির্ভরশীল ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। আলোচনা সভা শেষে বের হওয়া একটি বর্ণাঢ্য র‍্যালি স্থানীয় গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে।

### মুন্সীগঞ্জ শহর



১৫ অক্টোবর ২০১৫ সভা ও র‍্যালির মধ্য দিয়ে মুন্সীগঞ্জ শহরের খাল ইস্ট জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুন্সীগঞ্জ পৌরসভার সংরক্ষিত মহিলা কাউন্সিলর নার্গিস আক্তার। আলোচনায় অংশ নেন দুস্থ মহিলা সমিতির সভানেত্রী সাবিনা বেগম, দি হাঙ্গার প্রজেক্ট-এর প্রোগ্রাম অফিসার এ.কি.এম. আলমগীর। প্রধান অতিথি নার্গিস আক্তার বলেন, 'কন্যাশিশুর প্রতি যত্ন নিয়ে তাদের মানুষ হিসেবে গড়ে তুলতে পারলে আমরা পারিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে উন্নতি করতে পারবো। এজন্য কন্যাশিশুদের জন্য শিক্ষা, তথ্য প্রযুক্তি ও উপার্জনের সুযোগ সৃষ্টি সৃষ্টি করতে হবে।' আলোচনা সভা শেষে একটি র‍্যালি বের করা হয়।

### পঞ্চসার ইউনিয়ন, মুন্সীগঞ্জ সদর উপজেলা

আলোচনা সভা ও র‍্যালির মধ্য দিয়ে পঞ্চসার ইউনিয়নে জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপিত হয়। এ উপলক্ষে ১৫ অক্টোবর ২০১৫ মুক্তারপুর মহিলা

সমিতি-এর কার্যালয় থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিতে নেতৃত্ব দেন নারীনেত্রী খদিজুন নেছা। র‍্যালিতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুক্ত মহিলা সমিতির সভানেত্রী ও উজ্জীবক সাকিয়া বেগম এবং দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ-এর প্রোগ্রাম অফিসার এ.জি.এম. আলমগীর। র‍্যালির পর মুক্তারপুর মহিলা সমিতি-এর কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

### রামপাল ইউনিয়ন, মুন্সীগঞ্জ সদর উপজেলা

জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে ৭ অক্টোবর ২০১৫ রামপাল ইউনিয়নের পানামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন মুক্ত মহিলা সমিতির সাধারণ সম্পাদক লিমা আক্তার, সাবেক ইউপি সদস্য রহিমা বেগম, নারীনেত্রী সাজেদা বেগম, তুফিয়া বেগম, মিতু আক্তার, আয়েশা বেগম এবং লিলি বেগম প্রমুখ। আলোচনা সভা শেষে একটি র‍্যালি দেওয়ান বাড়ি থেকে বের হয়ে দিঘিরপাড়ায় এসে শেষ হয়।

### রায়পুরা উপজেলা, নরসিংদী



রায়পুরা উপজেলার মেহেরনগর এম. এ. পাইলট উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মহিলা কল্যাণী পাঠকেন্দ্র-এর নির্বাহী পরিচালক রাজেদা বেগম। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরনগর এম. এ. পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোস্তাফিজ শাহ আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী শিক্ষক আমজাদুল্লাহ, অলকা রাণী সাহা, মৌমি বেগম এবং আয়েশারা আক্তার। আলোচনা সভার পর বের হওয়া একটি র‍্যালি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

## ঝিনাইদহ অঞ্চল

### ঝিনাইদহ শহর



জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদ্‌যাপন উপলক্ষে ১৪ অক্টোবর ২০১৫ ঝিনাইদহ শহরের ক্যাডেট আলী গার্লস স্কুল অ্যান্ড কলেজে কুইজ প্রতিযোগিতা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মোঃ আবুল হোসেন, এম এম শাহ জালাল, আবু জাহেদ, আনিসুর রহমান টুকু, নুরুন্নাহার কুসুম, এম আনোয়ারুল উদ্দিন আহমেদ এবং আসমা জামান।

সভাপতিত্ব করেন কানু গোপাল মজুমদার। বক্তারা কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিত করা এবং বাল্যবিবাহ বন্ধে সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক প্রচারণা আয়োজনের ওপর গুরুত্বারোপ করেন।

### যশোর শহর

ইয়ুথ এন্ডিং হাঙ্গার যশোর জেলা ইউনিটের আয়োজনে ১২ অক্টোবর ২০১৫



ঝিনাইদহ শহরের ড. আব্দুর রাজ্জাক মিউনিসিপাল কলেজে জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদ্‌যাপিত হয়। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম যশোর জেলা কমিটির আহ্বায়ক দিলোয়ারা বুলবুল কলি। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ ইকবাল হোসেন। অনুষ্ঠানে 'কন্যাশিশুর নিরাপদ পরিবেশ, সমৃদ্ধ করবে আগামীর বাংলাদেশ' প্রতিপাদ্যের উপর উপস্থিত বক্তৃতার আয়োজন করা হয়। ১৮ জন ছাত্র-ছাত্রী উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

### গাংনী উপজেলা, মেহেরপুর



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে মেহেরপুরের গাংনীতে '১৮ বছরের আগে বিয়ে নয়'- এমন শপথ নেন প্রায় ১ হাজার ৫০০ শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকা। ১১ অক্টোবর, ২০১৫ স্থানীয় জোড়পুকুরিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে দিবসটি উদ্‌যাপিত হয়। এই আয়োজনে বাল্যবিবাহের বিরুদ্ধে অঙ্গীকারের ছবি নিয়ে ছবিমেলার আয়োজন করা হয়। ছবিমেলায় অংশ নেয়া ২০ জনকে শ্রেষ্ঠ এবং ৮০ জন ছাত্রী ও অভিভাবককে বিশেষ পুরস্কার প্রদান করা হয়। দিবস উদ্‌যাপন শুরু হয় ১০০ ছাত্রীর সাইকেল র‍্যালির মাধ্যমে। অনুষ্ঠানের উদ্বোধন করেন জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরামের সভাপতি ও দি হাঙ্গার প্রজেক্ট-এর গ্লোবাল ভাইস প্রেসিডেন্ট ও কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার। অনুষ্ঠানে গাংনীর ৯টি ইউনিয়ন থেকে শিশুবিবাহ প্রতিরোধমূলক নাটিকা উপস্থাপন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

### কাথুলী ইউনিয়ন, গাংনী উপজেলা, মেহেরপুর

১৭ই অক্টোবর ২০১৫ র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে কাথুলী ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে ধলা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আনোয়ার রহমান-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় দিবস পালনের প্রতিপাদ্য তুলে ধরে বক্তব্য রাখেন নারীনেত্রী মোছাঃ রাবেয়া খাতুন, সাবানা এবং কুলসুম প্রমুখ।

### তেরাইল/আংবাড়ীয়া ইউনিয়ন, গাংনী উপজেলা, মেহেরপুর

১৫ অক্টোবর ২০১৫ আংবাড়ীয়া ইউনিয়নের আংবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে বের হওয়া একটি র‍্যালি আংবাড়ীয়া বাজারের ওপর দিয়ে গ্রামের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুল লতিফ-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় বক্তারা কন্যাশিশুর নিরাপদ পরিবেশ নিশ্চিত করার গুরুত্ব, তাদের শিক্ষা ও পুষ্টির অধিকার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন।

## মটমুড়া ইউনিয়ন, গাংনী উপজেলা, মেহেরপুর

র‍্যালি ও আলোচনার মধ্য দিয়ে মটমুড়া ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিবসের শুরুতে এম এইচ এ মাধ্যমিক বিদ্যালয় থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালি শেষে বিদ্যালয়ের সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন এম এইচ এ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আতিয়ার রহমান, নারীনেত্রী জেসমিন আরা খাতুন, মালা, মুশিয়ারা এবং মোছাঃ সুরভী খাতুন প্রমুখ।

## সাহারবাটি ইউনিয়ন, গাংনী উপজেলা, মেহেরপুর

১৭ই অক্টোবর ২০১৫ সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মশিউর রহমান-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মূল আলোচক হিসেবে বক্তব্য রাখেন নারীনেত্রী মোছাঃ সেফালী খাতুন। তিনি বলেন, 'আজকের কন্যাশিশু আগামী দিনের নারী। তাই দেশের এক বৃহৎ জনগোষ্ঠী হিসেবে কন্যাশিশুদের নিরাপদ পরিবেশ নিশ্চিত না করতে পারলে কোনো উন্নয়নই টেকসই হবে না।'

## ষোলটাকা ইউনিয়ন, গাংনী উপজেলা, মেহেরপুর

র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ১৪ অক্টোবর ২০১৫ ষোলটাকা ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আমতৈল মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মিজানুর রহমান-এর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সিরাজুল ইসলাম, মোঃ হেলাল উদ্দীন এবং মোঃ জাহাঙ্গীর ইসলাম প্রমুখ।

## তেঁতুলবাড়িয়া ইউনিয়ন, গাংনী উপজেলা, মেহেরপুর

জাতির সমৃদ্ধির লক্ষ্যে কন্যাশিশুদের নিরাপদ পরিবেশ নিশ্চিত করার আহ্বান জানানোর মধ্য দিয়ে তেঁতুলবাড়িয়া ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে তেঁতুলবাড়িয়া ইসলামী মাধ্যমিক বিদ্যালয় থেকে র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে বিদ্যালয়ের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেজাউল হক বাবলু, নারীনেত্রী কল্পনা খাতুন, উজ্জীবক মনিরুল ইসলাম, ইয়ুথ লিডার বুলবুল, রকিব এবং ইকবাল হোসেন প্রমুখ।

## বামুন্দী ইউনিয়ন, গাংনী উপজেলা, মেহেরপুর

জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম ও বিকশিত নারী নেটওয়ার্ক-এর যৌথ আয়োজনে বামুন্দী ইউনিয়নের তার বি জি এম মাধ্যমিক বিদ্যালয়ে জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ পালিত হয়। এ উপলক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক রাবু বকর সিদ্দিক। বক্তব্য রাখেন জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম ইউনিয়ন কমিটির সভাপতি রমি খাতুন। আলোচনা সভার পর বের হওয়া একটি র‍্যালি স্থানীয় সড়কগুলো প্রদক্ষিণ করে।

## মণিরামপুর উপজেলা, যশোর




কন্যাশিশুদের সার্বিক নিরাপত্তা ও তাদের বিকশিত করে তোলার পরিবেশ নিশ্চিতের আহ্বান জানানোর মধ্য দিয়ে মণিরামপুর উপজেলায় পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে পৌর এলাকায় বর্ণাঢ্য র‍্যালি এবং আরপিইউ কার্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সাবেক পৌর কাউন্সিলর গীতা রাণী কুণ্ডু। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সরদার শর্মিন, সুজন মণিরামপুর উপজেলা কমিটির সভাপতি অধ্যাপক মোঃ আব্বাস উদ্দীন, আগ্রহন সেবা সংস্থা-এর পরিচালক সুরাইয়া খাতুন, প্রভাষক হাফিজা আক্তার বকুলী, গায়েত্রী রাণী পাল এবং লাকী খাতুন প্রমুখ। এছাড়া র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মণিরামপুর খানপুর মাধ্যমিক বিদ্যালয় ও চাকুরিয়া প্রি ক্যাডেট স্কুলেও পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

## অভয়নগর উপজেলা, যশোর



১২ অক্টোবর ২০১৫ অভয়নগর উপজেলায় সুন্দলী এস. টি. স্কুল অ্যান্ড কলেজে আলোচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন কলেজের গভর্নিং বডির সদস্য বিকাশ মল্লিক। বক্তব্য রাখেন সংস্থাের অধ্যক্ষ নারায়ণ চন্দ্র বিশ্বাস, গভর্নিং বডির সদস্য প্রদীপ বিশ্বাস, অধ্যক্ষ আব্দুল লতিফ, বীরেন্দ্র নাথ বিশ্বাস, প্রদীপ সরকার, নীল কমল মণ্ডল, প্রমিলা কাওয়ালী এবং খালিদা খাতুন প্রমুখ। আলোচনা সভা শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## নওয়াপাড়া পৌরসভা, যশোর

নওয়াপাড়া পৌরসভার আল হেরাক ইসলামী একাডেমী বিদ্যালয়ে সুজন-সুশাসনের জন্য নাগরিক ও স্থানীয় উজ্জীবকবৃন্দের আয়োজনে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম মোর্শেদ। বক্তব্য রাখেন সহকারী প্রধান শিক্ষক আব্দুল মালেক, এস এম মিজানুর রহমান, হেকেমা পারভীন, রুমানা রহমান, মাহমুদা বেগম, রুবেয়া নির্বাহী পরিচালক সৈয়দ সিরাজুল হক এবং জীবন উন্নয়ন সংস্থার নাসরিন সুলতানা। সভার শেষ পর্যায়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## আইলচারা ইউনিয়ন, কুষ্টিয়া সদর উপজেলা

জাতীয় কন্যাশিশু এ্যাডভোকেসি ফোরাম ও বিকশিত নারী নেটওয়ার্ক-এর আয়োজনে আইলচারা ইউনিয়নের ১নং ওয়ার্ডে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন আইলচারা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুল আলিম। বক্তব্য রাখেন উক্ত বিদ্যালয়ের শিক্ষিকা হাবিবা খাতুন। জাতীয় কন্যাশিশু দিবসের ঘোষণাপত্র পাঠ করেন ইয়ুথ লিডার রোকনুজ্জামান। আরও বক্তব্য রাখেন বাদশাউর রহমান এবং নারীনেত্রী রোজিনা খাতুন। আলোচনা সভা শেষ হওয়ার পর একটি র‍্যালি বের করা হয়।

## বটতৈল ইউনিয়ন, কুষ্টিয়া সদর উপজেলা

বটতৈল ইউনিয়নের খাজানগর মাদ্রাসা পাড়ায় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ পালিত হয়। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইউপি সদস্য আবুল কালাম আজাদ। বক্তব্য রাখেন ওয়ার্ড অ্যাকশন টিমের সদস্য নাজমা খাতুন। জাতীয় কন্যাশিশু দিবসের ঘোষণাপত্র পাঠ করেন বীনা খাতুন। আরও বক্তব্য রাখেন মাহিমা খাতুন।

আলোচনা সভার পর উপস্থিত সকলের অংশগ্রহণে র‍্যালি বের করা হয়।

## দুর্বাডাঙ্গা ইউনিয়ন, মনিরামপুর উপজেলা



র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে দুর্বাডাঙ্গা ইউনিয়নের বি.বি.জি.এইচ.এম স্কুলে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। সভায় সভাপতিত্ব করেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু সনজিৎ মন্ডল। বক্তব্য রাখেন শিক্ষক সিদ্ধানন্দ বিশ্বাস, মহাদেব কুন্ডু, নারীনেত্রী দিপু রানী মন্ডল এবং ইয়ুথ লিডার অমিতুর প্রমুখ। আলোচনা সভা শেষে একটি র‍্যালি বের করা হয়।

## মৃগী ইউনিয়ন, কালুখালী উপজেলা, রাজবাড়ী

জাতীয় কন্যাশিশু দিবস পালন উপলক্ষে মৃগী ইউনিয়নে আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠিত হয়। দিবসের শুরুতে বের হওয়া র‍্যালিটি মৃগী বাজার প্রদক্ষিণ করে মৃগী চাইল্ড কেয়ার কিন্ডার গার্ডেনে এসে শেষ হয়। এরপর অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন আবুল হোসেন জোয়ার্দার। দিবসের প্রতিপাদ্য তুলে ধরে বক্তব্য রাখেন আফরোজা পারভীন, নারীনেত্রী লাকী, সাকিনা ইয়াসমিন, নার্গিস নাহার, সেলিনা, রুপালী, বিউটি এবং তানিয়া প্রমুখ।

## পাট্টা ইউনিয়ন, পাংশা উপজেলা, রাজবাড়ী



পাট্টা ইউনিয়নের পুঁইজোর এ.জি.এস. উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইয়াকুব আলী খান। সভায় বক্তব্য রাখেন মোঃ কামাল হোসেন, মোঃ জয়নাল আবেদীন, আবু বক্কর এবং মোছাঃ আকলিমা খাতুন প্রমুখ। আলোচনা সভার পর একটি র‍্যালি বের করা হয়।

# খুলনা অঞ্চল

## খুলনা শহর



জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর সহযোগিতায় ও দি হাঙ্গার প্রজেক্ট-এর আয়োজনে খুলনা শহরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন অধ্যাপিকা সুফিয়া খাতুন, আফরোজা বেগম, রেহেনা আফরোজ শোভা, রূপবতী গোলদার, মারিয়া মল্লিক, পার্বতী হালদার, জেসমিন আক্তার এবং পারভীন আক্তার প্রমুখ। সভায় বক্তারা বাল্যবিবাহ বন্ধ করা, কন্যাশিশুদের শিক্ষা, পুষ্টি ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য সবাইকে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখার আহ্বান জানান। আলোচনা সভা শেষে প্রায় ২০০ জন নারী-পুরুষের অংশগ্রহণে বের হওয়া একটি শহরের গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে।

## খালিশপুর থানা, খুলনা



আলোচনা সভা ও র‍্যালির মধ্য দিয়ে খুলনার খালিশপুরে (১২নং ওয়ার্ড) পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন চৌধুরী হাবিবুর রহমান, ডাঃ সাইদুর রহমান, কাউন্সিলর পারভীন সুলতানা, আমিনুল ইসলাম, জাকিয়া সুলতানা, আয়েশা আক্তার এবং হালিমা আক্তার রুবি প্রমুখ। আলোচনা সভা শেষে ১৭০ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের হয়।

## বটিয়াঘাটা ইউনিয়ন, বটিয়াঘাটা উপজেলা, খুলনা



১২ অক্টোবর, ২০১৫ বটিয়াঘাটা ইউনিয়নের বটিয়াঘাটা হেড কোয়ার্টার মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বিদ্যালয়ের শিক্ষক অশোক কুমার কুন্ডু, অনিল কৃষ্ণ মন্ডল, আরতী বৈরাগী এবং শিখা মিস্ত্রী প্রমুখ। আলোচনা সভা শেষে ১৫০ জন নারী-পুরুষের অংশগ্রহণে বের হওয়া একটি র‍্যালি স্থানীয় গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে।

## জলমা ইউনিয়ন, বটিয়াঘাটা উপজেলা, খুলনা

র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ১২ অক্টোবর, ২০১৫ জলমা ইউনিয়নের ৯নং ওয়ার্ডে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন বটিয়াঘাটা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান নিতাই গাইন, স্কুল শিক্ষিকা লতিকা মন্ডল, অঞ্জলী ঢালী, বিউটি মুখার্জি এবং রূপবতী গোলদার প্রমুখ। আলোচনা সভার পর ২০০ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## বি এল কলেজ, খুলনা



ইয়ুথ এন্ডিং হাঙ্গার বি এল কলেজ ইউনিটের আয়োজনে ১২ অক্টোবর, ২০১৫ পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন ইয়ুথ লিডার জেরিন, মাহমুদ হাসান, আনোয়ার হোসেন, বিজন কুমার,

মোহাম্মদ আরিফ। উপস্থিত সকল ইয়ুথ লিডাররা কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিতে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখার অঙ্গীকার করেন। আলোচনা সভার পর একটি র‍্যালি বের হয়।

## ডুমুরিয়া উপজেলা, খুলনা



র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ১২ অক্টোবর ২০১৫ ডুমুরিয়া উপজেলার মাগুরখোলা, আটলিয়া এবং রংপুর-সহ বেশ কয়েকটি স্থানে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবস পালন উপলক্ষে আয়োজিত কর্মসূচিতে স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী, ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য, স্থানীয় গণমান্য ব্যক্তিবর্গ এবং স্বেচ্ছাব্রতীগণ উপস্থিত ছিলেন।

## আইচগাতী ইউনিয়ন, রূপসা উপজেলা, খুলনা

১২ অক্টোবর, ২০১৫ আইচগাতী ইউনিয়নের খানসি কিন্ডার গার্টেনে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাহমিনা জামান, শিক্ষক সাগর হাওলাদার, আব্দুর রহমান, কাজল রায় এবং সন্ধ্যা বিশ্বাস প্রমুখ। সভা শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। নৃত্য ও গান পরিবেশন করে চন্দা রায়, ঐশি আক্তার, অনন্যা বিশ্বাস এবং বাপ্পা রায়। সবশেষে ১৫০ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের হয়।

## বাগেরহাট শহর



১২ অক্টোবর, ২০১৫ বাগেরহাট শহরের রেলস্টেশন বাজারে সংলগ্ন মাহফুজা খানম মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাবিবুর রহমান, সহকারী শিক্ষক উত্তম দাস, আজগর আলী শেখ এবং বিশিষ্ট রাজনীতিবিদ আনিস হাওলাদার প্রমুখ। আলোচনা সভা শেষে একটি র‍্যালি বের করা হয়।

## বেতাগা ইউনিয়ন, ফকিরহাট উপজেলা, বাগেরহাট



বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বেতাগা ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিবসের শুরুতে ম্ শতাধিক নারী-পুরুষের অংশগ্রহণে ইউনিয়ন পরিষদের প্রাঙ্গণ একটি র‍্যালি বের হয়। র‍্যালিটি স্থানীয় বাজার সংলগ্ন প্রধান সড়ক ঘুরে পুনরায় ইউনিয়ন পরিষদে এসে শেষ হয়। এরপর ইউনিয়ন পরিষদ মিলনায়তনে পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ ইউনুস আলী শেখ-এর সভাপতিত্বে আলোচনা সভা শুরু হয়। সভায় বক্তব্য রাখেন নারীনেত্রী শ্রীমতি মল্লিকা দাস, ইউপি সদস্য শ্রীমতি নীলিমা দাস, ইউপি সদস্য অসীত দেবনাথ, স্বেচ্ছাব্রতী প্রশিক্ষক তরুণ দাস, শিক্ষক এনামুল হোসেন বড়ুয়া, গৌরাঙ্গ দাস এবং মিলন্তী গোস্বামী প্রমুখ।

## শুভদিয়া ইউনিয়ন, ফকিরহাট উপজেলা, বাগেরহাট



জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উপলক্ষে শুভদিয়া ইউনিয়নের পিলজংগ মাধ্যমিক বিদ্যালয়ে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবস পালনের কর্মসূচি শুরু হয় র‍্যালির মধ্য দিয়ে। র‍্যালিটি বিদ্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে স্থানীয় প্রধান সড়ক ধরে মেতামা বাজার প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহীদুল্লাহ শেখ, সহকারী প্রধান শিক্ষক জুলফিকার শেখ, শিক্ষিকা মলিনা দাস, ইউপি সদস্য শাকিলা বেগম এবং ইউথলিডার ফারুক খান প্রমুখ।

## পিলজংগ ইউনিয়ন, ফকিরহাট উপজেলা, বাগেরহাট

১২ অক্টোবর ২০১৫ পিলজংগ ইউনিয়নের পিলজংগ মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক, ইউপি সদস্য নাজিম উদ্দিন বেপারী, পূর্ণিমা রাণী দে এবং স্বপ্না বেগম প্রমুখ। ইউপি সদস্য নাজিম উদ্দিন বেপারী বলেন, 'কন্যাশিশুদের সামাজিক নিরাপত্তা নিশ্চিতে আমাদের সকলের ভূমিকা রাখা উচিত। বিশেষ করে এক্ষেত্রে ইউনিয়নের সকল নির্বাচিত প্রতিনিধিদের ভূমিকা পালন করা দরকার।'

## ষাটগুম্বজ ইউনিয়ন, বাগেরহাট সদর উপজেলা

র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ১২ অক্টোবর ২০১৫ ষাটগুম্বজ ইউনিয়নের সায়েড়া লক্ষীখালী মাধ্যমিক বিদ্যালয়ে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। আলোচনা সভায় উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু নিতাই বিশ্বাস, সহকারী শিক্ষক দিলীপ দাস, অঞ্জন দাস, নারীনেত্রী বিউটি আফরোজ, লাভলী রায়, দিপীকা মিস্ত্রী এবং ইউপি সদস্য মধুসূদন মন্ডল প্রমুখ। সভা শেষে ১৫০ জন শিক্ষার্থীর অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## কাড়াপাড়া ইউনিয়ন, বাগেরহাট সদর উপজেলা



১২ অক্টোবর, ২০১৫ কাড়াপাড়া ইউনিয়নের রাজাপুর কলেজিয়েট স্কুলে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কালী প্রসাদ দেবনাথ, সহকারী শিক্ষক দিলীপ দাস, মর্জিনা বেগম এবং বীর মুক্তিযোদ্ধা আবু বকর

ভিত্তিক প্রমুখ। আলোচনা সভা শেষ হওয়ার পর একটি র‍্যালি বের করা হয়।

## মোড়েলগঞ্জ উপজেলা, বাগেরহাট



কন্যাশিশুদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানানোর মধ্য দিয়ে ১২ অক্টোবর, ২০১৫ মোড়েলগঞ্জ উপজেলায় উদযাপিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এইচ এম জে কে এম মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুভাষ চন্দ্র হালদার, গৌতম কুমার বাগচী, জামির আলী মুন্সী, এমদাদুল খান এবং রাবেয়া বেগম প্রমুখ। আলোচনা সভা শেষে ৪১৫ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## মংলা কলেজ, বাগেরহাট



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১২ অক্টোবর, ২০১৫ মংলা কলেজে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবস পালন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উক্ত কলেজের অধ্যক্ষ গোলাম সরোয়ার, শিক্ষক শ্যামাপ্রসাদ সেন, রূপা দাশ, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান নুর আলম শেখ, সুজন উপজেলা কমিটির সভাপতি সুখেন হালদার প্রমুখ। আলোচনা সভার পর তিন শতাধিক নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## সাতক্ষীরা শহর



জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে সাতক্ষীরা শহরে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় অংশগ্রহণ করেন সুজন সাতক্ষীরা জেলা কমিটির সভাপতি অধ্যক্ষ সুভাষ সরকার, মহিলা বিষয়ক কর্মকর্তা মহুয়া মল্লিক, নারীনেত্রী আফরোজা আহমেদ, শাহানা হামিদ, মেহেরাজুল ইসলাম এবং সাংবাদিক মামুন বাবুল প্রমুখ। বক্তারা কন্যাশিশুদের প্রতি যত্নবান হওয়া, তাদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য সবার প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে প্রায় ১০০ নারী এবং ৫০ জন পুরুষ উপস্থিত ছিলেন।

## কৃষ্ণনগর ইউনিয়ন, সাতক্ষীরা

আলোচনা সভা ও র‍্যালির মধ্য দিয়ে কৃষ্ণনগর ইউনিয়নে জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদযাপিত হয়। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইউপি সদস্য মোঃ জাবেদ আলী। বক্তব্য রাখেন নারীনেত্রী অঞ্জলী, বিথীকা এবং গোলাম মোস্তফা প্রমুখ। আলোচনা সভার পর ৫০ জন নারী এবং ৬০ জন পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## মৌতলা ইউনিয়ন, কালিগঞ্জ উপজেলা, সাতক্ষীরা

১২ অক্টোবর ২০১৫ মৌতলা ইউনিয়নের মৌতলা মাধ্যমিক বিদ্যালয়ের মাঠপ্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু স্বপন কুমার। তিনি তাঁর বক্তব্যে বলেন, 'ছেলেশিশুদের মতই সমান দৃষ্টিভঙ্গি দিয়ে কন্যাশিশুদের যত্ন নিতে হবে। কারণ কন্যাশিশুরা শিক্ষিত হওয়ার সুযোগ পেলে তারা যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে পারবে।' আলোচনা সভার পর ২৫০ জন শিক্ষার্থী ও ২০ জন শিক্ষকের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## দক্ষিণ শ্রীপুর ইউনিয়ন, কালিগঞ্জ উপজেলা, সাতক্ষীরা

র‍্যালি ও আলোচনা সভার মাধ্যমে দক্ষিণ শ্রীপুর ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস ২০১৫। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় দেয়া বক্তব্যে ইউপি সদস্য মমতাজ বেগম কন্যাশিশুদের শিক্ষা ও পুষ্টির অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাষ্ট্র ও সমাজের সকলের প্রতি আহ্বান জানান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সকল নারীনেত্রী মুর্শিদা, তাহমিনা, ফিরোজা এবং ফেন্সা প্রমুখ। আলোচনা সভা শেষে ১৫০ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি অনুষ্ঠিত হয়।

## বিষ্ণুপুর ইউনিয়ন, কালিগঞ্জ উপজেলা, সাতক্ষীরা

১২ অক্টোবর ২০১৫ বিষ্ণুপুর ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় ৬০ জন নারী এবং ৫০ জন পুরুষ অংশগ্রহণ করেন। সভায় ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান রফিকুল আলম, উজ্জীবক আবু আসলাম, নারীনেত্রী জাহাঙ্গী, জাকিয়া এবং সাইদী প্রমুখ উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে বের হওয়া একটি র‍্যালি স্থানীয় গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে।

## আশাশুনি উপজেলা, সাতক্ষীরা



জাতীয় কন্যাশিশু দিবস ২০১৫ উপলক্ষে আশাশুনি উপজেলায় র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। দিবসের শুরুতে উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ বেগম-এর সভাপতিত্বে উপজেলা অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শারমীন আক্তার, উপজেলা প্রেসক্লাব-এর সভাপতি জিএম মজিবর রহমান এবং নারীনেত্রী মাসুমা বেগম প্রমুখ। এছাড়া বিভিন্ন এনজিও'র প্রতিনিধিগণ-সহ প্রায় ২০০ নারী ও ১৫০ জন পুরুষ উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে বের হওয়া একটি বর্ণাঢ্য র‍্যালি উপজেলা সদরের গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে।

## ময়মনসিংহ অঞ্চল

## ময়মনসিংহ শহর

স্থানীয় উজ্জীবকদের আয়োজনে ১২ অক্টোবর ২০১৫ ময়মনসিংহ জেলা পরিষদ প্রাঙ্গণে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন পুলিশের সার্জেন্ট আনোয়ার হোসেন, উজ্জীবক ইকরামুল আলম, হাবিবুর রহমান, দি হাঙ্গার প্রজেক্ট-এর এলাকা সমন্বয়কারী এ. এন. এম. নাজমুল হোসাইন প্রমুখ। সভায় বক্তারা কন্যাশিশুর

নিরাপত্তা নিশ্চিত করা, তাদের শিক্ষা ও পুষ্টি নিশ্চিত করা এবং বাল্যবিবাহ বন্ধ করার উপর গুরুত্বারোপ করেন। আলোচনা সভা শেষে উপজেলা পরিষদ প্রাঙ্গণ হতে ৪০ জন নারী ও ২৩ জন পুরুষের অংশগ্রহণে বের হওয়া একটি র‍্যালি পৌর এলাকা প্রদক্ষিণ করে।



## নান্দাইল উপজেলা, ময়মনসিংহ

১২ অক্টোবর ২০১৫ ময়মনসিংহের নান্দাইল উপজেলায় স্থানীয় উজ্জীবকবৃন্দের আয়োজনে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। সকাল ১০:০০টায় শহীদ স্মৃতি কলেজ গেইটের শহীদ মিনার প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যাপক অরবিন্দ পাল অখিল, যুজন সভাপতি হাবিবুর রহমান, দৈনিক প্রথম আলোর প্রতিনিধি রমেশ পার্থ, দৈনিক যুগান্তরের প্রতিনিধি এনাম সাথা, স্থানীয় প্রেসক্লাবের সভাপতি হান্নান মাহমুদ, অধ্যাপক লিপি আক্তার এবং অধ্যাপক হাফিজুল করিম প্রমুখ। আলোচনা সভা শেষে উপজেলা পরিষদ প্রাঙ্গণ হতে ২১০ জন নারী ও ১০৭ জন পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## মুক্তাগাছা উপজেলা, ময়মনসিংহ

র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ময়মনসিংহের মুক্তাগাছা উপজেলায় পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। সকাল ১০:০০টায় উপজেলা পরিষদ প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান নাজমুন নাহার মিনু, উপজেলা কৃষি কর্মকর্তা নীরা তরফদার, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ মোজাফিজুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহমিনা ইয়াসমিন, মহিলা বিষয়ক কর্মকর্তা সুলতানা জামান আকন্দ প্রমুখ। উপজেলা পর্যায়ের কর্মকর্তারা বাল্যবিবাহ বন্ধে সবার সহযোগিতা কামনা করেন এবং প্রশাসনের পক্ষ থেকে এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তার আশ্বাস প্রদান করেন। আলোচনা সভার পর ১২৫ জন নারী ও ২৫ জন পুরুষের অংশগ্রহণে বের হওয়া একটি র‍্যালি পৌর এলাকা প্রদক্ষিণ করে।

## ঘোগা ইউনিয়ন, মুক্তাগাছা উপজেলা, ময়মনসিংহ



১২ অক্টোবর ২০১৫ ঘোগা ইউনিয়ন পরিষদ ও স্থানীয় উজ্জীবকবৃন্দের আয়োজনে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। সকাল ১০:০০টায় ইউনিয়নের আয়েশা বালিকা বিদ্যালয়ে ইউনিয়নের উজ্জীবক, নারীনেত্রী, ইয়ুথ লিডার, গণগবেষক এবং বিদ্যালয়ের শিক্ষকমন্ডলীর অংশগ্রহণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিশন সরকার, নারীনেত্রী আমেনা আক্তার এবং শিরিনা আক্তার-সহ ২৩০ জন নারী ও ১২ জন পুরুষ অংশগ্রহণ করেন। আলোচনা সভা শেষে বের হওয়া একটি বর্ণাঢ্য র‍্যালি স্থানীয় বাজার প্রদক্ষিণ করে।

## খাগডহর ইউনিয়ন, ময়মনসিংহ সদর উপজেলা

জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ পালন উপলক্ষে ১১ অক্টোবর ২০১৫ বেগুনবাড়ি উচ্চ বিদ্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। ইউনিয়ন পরিষদ ও স্থানীয় উজ্জীবকবৃন্দের আয়োজনে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিল্লোল সরকার, নারীনেত্রী লাইলী আক্তার-সহ ২০৬ জন নারী ও ৫৫ জন পুরুষ। সভায় উদ্বোধন ও সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিল্লোল সরকার। আলোচনা সভার পর বিদ্যালয় প্রাঙ্গণ থেকে বের হওয়া একটি র‍্যালি স্থানীয় বাজার প্রদক্ষিণ করে।

## আকুয়া ইউনিয়ন, ময়মনসিংহ সদর উপজেলা



১২ অক্টোবর ২০১৫ আকুয়া ইউনিয়ন পরিষদ ও স্থানীয় উজ্জীবকবৃন্দের আয়োজনে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে সকাল ১০:০০টায় ইউনিয়নের চুরখাই ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসায় এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় মাদ্রাসার অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা নজরুল ইসলাম, গণগবেষক আব্দুল্লাহ আল মামুন, আরিফ রাব্বানী, নারীনেত্রী লাকী আক্তার, সোমা আক্তার-সহ ১১৫ জন নারী ও ২১ জন পুরুষ অংশগ্রহণ করেন। উপস্থিত সকলে কন্যাশিশু অধিকার ও নিরাপত্তা নিশ্চিতে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখার অঙ্গীকার করেন। আলোচনা সভা শেষে বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি র‍্যালি বের করা হয়।

## কুষ্টিয়া ইউনিয়ন, ময়মনসিংহ সদর উপজেলা

আলোচনা সভা ও র‍্যালির মধ্য দিয়ে কুষ্টিয়া ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। ১২ অক্টোবর সকাল ১০:০০টায় রানী রাজবালা উচ্চ বিদ্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক তাহমিনা আক্তার, শিক্ষক রহমত আলী, আসলাম হোসেন এবং স্বেচ্ছাব্রতী প্রশিক্ষক আনোয়ার হোসেন-সহ ১২৫ জন নারী ও ৭০ জন পুরুষ উপস্থিত ছিলেন। সভায় বক্তারা জাতির সামগ্রিক সমৃদ্ধি নিশ্চিত করার লক্ষ্যে কন্যাশিশুদের প্রতি যত্নবান হওয়ার আহ্বান জানান। সভা শেষে বিদ্যালয় প্রাঙ্গণ হতে বের হওয়া একটি র‍্যালি দিঘারকান্দা বাজার প্রদক্ষিণ করে।

## দাপুনিয়া ইউনিয়ন, ময়মনসিংহ সদর উপজেলা



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ দাপুনিয়া ইউনিয়নের গোষ্ঠা চকপাড়া আহমদিয়া মিশন স্কুল প্রাঙ্গণে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় দিবস পালনের প্রতিপাদ্য এবং কন্যাশিশুদের অধিকারসমূহ তুলে ধরে বক্তব্য রাখেন নারীনেত্রী সাহেলা ও শিল্পী আক্তার এবং মোকাদ্দেস হোসেন। সভা শেষে ১০০ জন নারী ও ৩০ জন পুরুষের অংশগ্রহণে বের হওয়া একটি র‍্যালি স্থানীয় গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে।

### বয়ড়া ইউনিয়ন, ময়মনসিংহ সদর উপজেলা

র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে বয়ড়া ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে ইউনিয়ন পরিষদের প্রাঙ্গণ থেকে ৪৫ জন নারী ও ২৫ জন পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালির পর অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তারা কন্যাশিশুদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য সবাইকে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখার আহ্বান জানান। কর্মসূচিটি পুরো ইউনিয়নে ব্যাপক গণজাগরণ ও আলোড়ন সৃষ্টি করতে সক্ষম হয়।

### চর ঈশ্বরদিয়া ইউনিয়ন, ময়মনসিংহ সদর উপজেলা



১২ অক্টোবর ২০১৫ চর ঈশ্বরদিয়া ইউনিয়ন পরিষদ ও স্থানীয় উজ্জীবকবৃন্দের আয়োজনে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে চর কালীবাড়ি উচ্চ বিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের সহকারী শিক্ষক জীবন রায়, উজ্জীবক নাসির উদ্দিন এবং ইয়ুথ লিডার রেজাউল করিম প্রমুখ। সহকারী শিক্ষক জীবন রায় তাঁর বক্তব্যে বাল্যবিবাহ বন্ধ করা, কন্যাশিশুদের যত্ন নেয়া এবং তাদের নিরাপত্তা নিশ্চিত করার গুরুত্ব নিয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনা সভা শেষে ২৭০ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

### চর নিলক্ষিয়া ইউনিয়ন, ময়মনসিংহ সদর উপজেলা



চর নিলক্ষিয়া ইউনিয়নের বেগুনবাড়ী উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোঃ লুৎফুর রহমান, রাবেয়া বেগম, আজিজুল হক, মোঃ আসাদুল ইসলাম, মোয়াজ্জেম আলী, জহিরুল ইসলাম, শারমিন আক্তার মরিয়ম এবং নারীনেত্রী রোকেয়া বেগম প্রমুখ। আলোচনা সভা শেষে ২২৫ জন নারী-পুরুষের অংশগ্রহণে বিদ্যালয় প্রাঙ্গণ হতে একটি র‍্যালি বের করা হয়।

### নেত্রকোনা শহর



জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর আয়োজনে ১২ অক্টোবর ২০১৫ নেত্রকোনা শহরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে জেলা প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত ছিলেন সুজন-সুশাসনের জন্য নাগরিক নেত্রকোনা জেলা কমিটির সভাপতি শ্যামলেন্দু পাল, মুক্তিযোদ্ধা হায়দার জাহান চৌধুরী, আঞ্জুমান বেগম, এ. কে. এম. আব্দুল্লাহ এবং পল্লব চক্রবর্তী প্রমুখ। সভায় উপস্থিত সকলে কন্যাশিশুদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ভূমিকা রাখার অঙ্গীকার করেন। আলোচনা সভা শেষে ১০২ জন অংশগ্রহণে উপজেলা পরিষদ প্রাঙ্গণ হতে একটি র‍্যালি বের করা হয়।

### দুর্গাপুর উপজেলা মহিলা কলেজ, নেত্রকোনা



জাতীয় কন্যাশিশু দিবস ২০১৫ উপলক্ষে নেত্রকোনার দুর্গাপুর মহিলা কলেজে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত ছিলেন উক্ত কলেজের অধ্যক্ষ দিলোয়ারা বেগম, সহকারী অধ্যাপক আব্দুল আজিজ, উপজেলা সুজন কমিটির সভাপতি অজয় সাহা এবং সুজন সম্পাদক খুরশেদ ইসলাম প্রমুখ। সভায় অধ্যক্ষ দেলোয়ারা বেগম তাঁর বক্তব্যে কন্যাশিশুর নিরাপত্তার নিশ্চিত করা এবং বাল্যবিবাহ বন্ধে সকলের ঐকান্তিক প্রয়াস কামনা করেন। আলোচনা সভা পর ৩৭০ জন নারী ও ১৬ জন পুরুষের অংশগ্রহণে বের হওয়া একটি র‍্যালি উপজেলা সদরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

### আটপাড়া উপজেলা, নেত্রকোনা



১২ অক্টোবর ২০১৫ আটপাড়া উপজেলার আটপাড়া কলেজে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে সকাল ১০:০০টায় স্থানীয় উজ্জীবক ও নারীনেত্রীদের সার্বিক সহযোগিতায় আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপস্থিত ছিলেন অধ্যক্ষ মোখলেসুর রহমান, উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান শাহনাজ স্বপ্না, সুজন উপজেলা কমিটির সভাপতি নিরঞ্জন পাল, নারীনেত্রী হিনা খানম, মাহমুদা আক্তার এবং জলি আক্তার প্রমুখ। আলোচনা সভা শেষে ২৪০ জন নারী ও ১০৮ জন পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

### কলমাকান্দা উপজেলা, নেত্রকোনা

স্থানীয় স্বেচ্ছাব্রতীদের আয়োজনে ১২ অক্টোবর ২০১৫ নেত্রকোনার কলমাকান্দা উপজেলায় পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে সকাল ১০:০০টায় বড়খাপন দাখিল মাদরাসায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন অধ্যক্ষ মোখলেসুর রহমান, সহকারী সুপার আব্দুল বাতেন এবং স্বেচ্ছাব্রতী প্রশিক্ষক বকুল হোসেন বকুল প্রমুখ। আলোচনায় অংশ নিয়ে বক্তারা কন্যাশিশুদের অধিকার নিশ্চিত ও নিরাপত্তা করা এবং বাল্যবিবাহ বন্ধ করার ওপর গুরুত্বারোপ করেন। আলোচনা সভা শেষে উপজেলা পরিষদ প্রাঙ্গণ হতে ১৬০ জন নারী ও ১৪৭ জন পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

### সিংহের বাংলা ইউনিয়ন, নেত্রকোনা সদর উপজেলা

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর সার্বিক সহযোগিতায় ১২ অক্টোবর, ২০১৫ সিংহের বাংলা ইউনিয়নের শিমুলকান্দি বালিকা উচ্চ বিদ্যালয়ে পালিত হয়

জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, সহকারী শিক্ষক ও নারীনেত্রী রুশা আক্তার এবং স্থানীয় নারীনেত্রী ও ইয়ুথ লিডারগণ। আলোচনা সভা শেষে পরিষদ প্রাঙ্গণ হতে ৪০০ জন নারী ও ১১ জন পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## চল্লিশা ইউনিয়ন, নেত্রকোনা সদর উপজেলা

কন্যাশিশুদের অধিকার রক্ষায় গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ১২ অক্টোবর ২০১৫ চল্লিশা ইউনিয়ন পরিষদ সংলগ্ন রেনা ইসলাম কলেজে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন অধ্যক্ষ জহিরুল ইসলাম আকন্দ, প্রভাষক আল আমিন এবং নারীনেত্রী জোবেদা আক্তার প্রমুখ। আলোচনা সভা শেষে পরিষদ প্রাঙ্গণ হতে ১৪৫ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## ভূঞাপুর উপজেলা, টাঙ্গাইল



১১ অক্টোবর ২০১৫ জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ভূঞাপুর উপজেলা সদরে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। দিবসের শুরুতে উপজেলা চত্বর থেকে এক র‍্যালি বের হয়। র‍্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে এসে শেষ হয়। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় অংশগ্রহণ করেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ শাহিদুর ইসলাম বাদল, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মোঃ লুৎফর রহমান এবং মৎস কর্মকর্তা আব্দুল বারী প্রমুখ। অনুষ্ঠানে প্রায় ১০০ জন নারী-পুরুষ উপস্থিত ছিলেন।

## অলোয়া ইউনিয়ন, ভূঞাপুর উপজেলা, টাঙ্গাইল

১১ অক্টোবর ২০১৫ র‍্যালি, আলোচনা সভা ও প্রীতি মহিলা হ্যান্ডবল প্রতিযোগিতার মধ্য দিয়ে অলোয়া ইউনিয়নে উদ্‌যাপন করা হয় জাতীয় কন্যাশিশু দিবস। তারাই সিন্দুরী উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত এ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ কামরুল ইসলাম তালুকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট ক্রীড়াবিদ আনোয়ার আলী এবং মোঃ আকবর হোসাইন। অতিথি তাঁদের বক্তব্যে বলেন, "নিরাপদ পরিবেশ পেলে কন্যাশিশুরা নিজেদের বিকশিত করতে পারবে এবং সমাজ উন্নয়নে অবদান রাখতে পারবে।" আলোচনা শেষে ছাত্রীদের অংশগ্রহণে আকর্ষণীয় হ্যান্ডবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

## নিকরাইল ইউনিয়ন, ভূঞাপুর উপজেলা, টাঙ্গাইল

র‍্যালি, আলোচনা ও প্রীতি মহিলা ফুটবল ম্যাচ আয়োজনের মধ্য দিয়ে ১২ অক্টোবর ২০১৫ নিকরাইল ইউনিয়নের মাটিকাটা উচ্চ বিদ্যালয়ে উদ্‌যাপিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে শিক্ষক, শিক্ষার্থী ও গণমান্য ব্যক্তিবর্গের অংশগ্রহণে একটি র‍্যালি বের হয়। র‍্যালি শেষে ষষ্ঠ শ্রেণি ও সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়। আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ নুরুল ইসলাম, ক্রীড়া শিক্ষক খুররম মোয়াজ্জেম ও সহকারী শিক্ষকবৃন্দ।

## ফলদা ইউনিয়ন, ভূঞাপুর উপজেলা, টাঙ্গাইল



কন্যাশিশুর নিরাপদ পরিবেশ নিশ্চিত করার আহ্বানের মধ্য দিয়ে ফলদা ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে ১১ অক্টোবর ২০১৫ শহিদুল নেছা বালিকা উচ্চ বিদ্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় বক্তারা কন্যাশিশুদের সকল সুযোগ-সুবিধা ও নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানান। আলোচনা সভা শেষে বিদ্যালয়ের ১৮ জন ছাত্রীর অংশগ্রহণে এক প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করা হয়। সবশেষে ৩০৫ ছাত্র-ছাত্রীর অংশগ্রহণে একটি র‍্যালি অনুষ্ঠিত হয়।

## কাওয়াইল ইউনিয়ন, ভূঞাপুর উপজেলা, টাঙ্গাইল



১১ অক্টোবর ২০১৫ কাওয়াইল ইউনিয়নের কাওয়াইল আর. কে. এম. এস.বি বালিকা উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাওয়াইল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুজন কাওয়াইল ইউনিয়ন কমিটির সম্পাদক কে. এম. এ কাদের এবং স্বনির্ভর বাংলাদেশ-এর ব্যবস্থাপক মোঃ আব্দুল আজিজ প্রমুখ। ইউপি চেয়ারম্যান মোঃ খায়রুল ইসলাম বলেন, "কন্যাশিশুর সঠিক শিক্ষা, চিকিৎসা ও নিরাপত্তার ওপর নির্ভর করবে জাতির সামগ্রিক সমৃদ্ধি। তাই কন্যাশিশুদের অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে আমাদের সচেষ্ট থাকতে হবে।"

## গোপালপুর উপজেলা, টাঙ্গাইল

জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উপলক্ষে গোপালপুর উপজেলার সূতী ভি এম পাইলট উচ্চ বিদ্যালয়ে 'যৌন হয়রানি ও বাল্যবিবাহ প্রতিরোধ' শীর্ষক এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিফ। আলোচনায় অংশগ্রহণ করেন নারীনেত্রী আনজু আনোয়ারা ময়না এবং সুজন উপজেলা কমিটির সম্পাদক মাহবুল রেজা সরকার। অনুষ্ঠানে প্রায় ১৫০ জন শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

## হেমনগর ইউনিয়ন, গোপালপুর উপজেলা, টাঙ্গাইল

হেমনগর ইউনিয়ন পরিষদ ও স্থানীয় উজ্জীবকবৃন্দের আয়োজনে ১১ অক্টোবর ২০১৫ হেমনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় অংশগ্রহণ করেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক গৌর বসু এবং নারীনেত্রী সাহিদা প্রমুখ। সভা শেষে বের হওয়া ৩২০ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি হেমনগর বাজারের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। সবশেষে বিদ্যালয়ের মাঠে ছাত্রীদের অংশগ্রহণে প্রীতি ফুটবল ম্যাচ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

## হাদিরা ইউনিয়ন, গোপালপুর উপজেলা, টাঙ্গাইল



১১ অক্টোবর ২০১৫ হাদিরা ইউনিয়নের ঝাওয়াইল উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে বিদ্যালয়ের প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুল লতিফ। আলোচনায় অংশগ্রহণ করেন বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি খায়রুল কবির। আলোচনার সভা শেষ হওয়ার পর নবম ও সপ্তম শ্রেণির শিক্ষার্থীর অংশগ্রহণে হ্যান্ডবল খেলা অনুষ্ঠিত হয়। খেলা শেষে বের হওয়া একটি র‍্যালি হাদিরা বাজার প্রদক্ষিণ করে পুনরায় বিদ্যালয় মাঠে ফিরে আসে।

## নাগরপুর ইউনিয়ন, নাগরপুর উপজেলা, টাঙ্গাইল



স্থানীয় উজ্জীবকবৃন্দের আয়োজনে ১২ অক্টোবর ২০১৫ নাগরপুর ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে বাজারপাড়ার বটতলায় এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন নারীনেত্রী জাহানারা বেগম। অনুষ্ঠানে প্রায় ১০০ জন নারী-পুরুষ উপস্থিত ছিলেন। এছাড়া র‍্যালি ও কন্যাশিশুদের অংশগ্রহণে বিভিন্ন ধরনের খেলাধুলার আয়োজন করা হয়।

## নাগবাড়ী ইউনিয়ন, কালিহাতি উপজেলা, টাঙ্গাইল

নাগবাড়ি ইউনিয়নের ছাতিহাটী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় অংশগ্রহণ করেন নারীনেত্রী রুবিনা ইয়াসমিন। তিনি তাঁর বক্তব্যে বলেন, 'আজকের কন্যাশিশু, আগামী দিনের নারী। তাই জাতির সামগ্রিক সমৃদ্ধি নিশ্চিত করতে হলে কন্যাশিশুদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে।' আলোচনা সভা শেষে বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থী-সহ প্রায় ১৩০ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## দেউলাবাড়ি ইউনিয়ন, ঘাটাইল উপজেলা, টাঙ্গাইল

১২ অক্টোবর ২০১৫ দেউলাবাড়ি ইউনিয়নের অক্সফোর্ড কিন্ডার গার্টেন এ স্থানীয় উজ্জীবকবৃন্দের আয়োজনে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন নারীনেত্রী অধ্যক্ষ জীবুন নাহার। তিনি তাঁর বক্তব্যে বলেন, 'পুরুষতান্ত্রিক দৃষ্টিভঙ্গির কারণে কন্যাশিশুরা নানাভাবে বঞ্চনার শিকার হয়। অথচ কন্যাশিশুদের শিক্ষা ও পুষ্টি নিশ্চিত করা গেলেও তারাও জাতীয় উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবে।' আলোচনা সভা শেষে ১৭০ জন নারী-পুরুষের অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

## শোলাকুড়ি ইউনিয়ন, মধুপুর উপজেলা, টাঙ্গাইল

আলোচনা সভা, র‍্যালি ও ক্রীড়া প্রতিযোগিতার মধ্য দিয়ে শোলাকুড়ি ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে শোলাকুড়ি সরকারি



প্রাথমিক বিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশগ্রহণ করেন নারীনেত্রী তাহমিনা খাতুন। আলোচনা সভা শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্রীড়া প্রতিযোগিতা এবং ২৩০ জন নারী-পুরুষের অংশগ্রহণে র‍্যালি অনুষ্ঠিত হয়।

## করিমগঞ্জ উপজেলা, কিশোরগঞ্জ



১২ অক্টোবর ২০১৫ উপজেলা প্রশাসন ও জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর আয়োজনে করিমগঞ্জ উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আবুল কাশেম শাহীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান দিলারুল আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আমানুল্লাহ শরীফ এবং বিশিষ্ট রাজনীতিবিদ ইকবাল প্রমুখ। র‍্যালিটি উপজেলা সদরের গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে।

## দেহুন্দা ইউনিয়ন, করিমগঞ্জ উপজেলা, কিশোরগঞ্জ

জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম ও বিকশিত নারী নেটওয়ার্ক-এর আয়োজনে দেহুন্দা ইউনিয়নের দেহুন্দা উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বিদ্যালয়ের প্রায় ১২০ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। আলোচনা সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দেহুন্দা ইউনিয়ন পরিষদের সচিব মোঃ মশিউর রহমান, শিক্ষক মোঃ এনামুল হক এবং নারীনেত্রী আতিকা জাহান কুসুম প্রমুখ। আলোচনা সভার পর উপস্থিত শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে র‍্যালি অনুষ্ঠিত হয়।

## গুজাদিয়া ইউনিয়ন, করিমগঞ্জ উপজেলা, কিশোরগঞ্জ

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ গুজাদিয়া ইউনিয়নে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবসের শুরুতে ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সামনে থেকে একটি র‍্যালি বের হয়। র‍্যালিটি গুজাদিয়া বাজার প্রদক্ষিণ করে ইউনিয়ন পরিষদের সামনে এসে শেষ হয়। র‍্যালিতে অংশগ্রহণ করেন নারীনেত্রী অনন্ত নাহার সাকি, উজ্জীবক নার্গিস আক্তার, ইয়ুথ লিডার হালিমা আক্তার, হাফছা আক্তার এবং রিশিতা আক্তার প্রমুখ। র‍্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

## জাফরাবাদ ইউনিয়ন, করিমগঞ্জ উপজেলা, কিশোরগঞ্জ



১২ অক্টোবর ২০১৫ জাফরাবাদ ইউনিয়নের জঙ্গলবাড়ী মহিলা কলেজে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুরুদয়াল সরকারি কলেজের অধ্যক্ষ আবুল কাসেম। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলেজের শিক্ষকমণ্ডলী, ইউপি সচিব আমীর হামজা শাহীন, পিডিসু ওয়ার্ডের নারীনেত্রী, উজ্জীবক ও ইয়ুথ লিডারগণ। আলোচনা সভা শেষে কলেজের ২৫০ জন শিক্ষার্থীর অংশগ্রহণে র‍্যালি বের হয়।

## কাদিরজঙ্গল ইউনিয়ন, করিমগঞ্জ উপজেলা, কিশোরগঞ্জ

জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম ও বিকশিত নারী নেটওয়ার্ক-এর আয়োজনে ১২ অক্টোবর ২০১৫ কাদিরজঙ্গল ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে ছাত্রাপাড়া উচ্চ বিদ্যালয় থেকে ১৭০ জন শিক্ষার্থীর অংশগ্রহণে একটি র‍্যালি বের হয়। র‍্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহীদুল ইসলাম এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য মাহবুব প্রমুখ।

## দামিহা ইউনিয়ন, তাড়াইল উপজেলা, কিশোরগঞ্জ



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ দামিহা ইউনিয়ন পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামিহা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহীনুজ্জামান নবাব, সুজন-সুশাসনের জন্য নাগরিক উপজেলা কমিটির সহ-সভাপতি মনোরঞ্জন তালুকদার, উপজেলা নারী উন্নয়ন ফোরাম-এর সাধারণ সম্পাদক কনক রাণী এবং ইউপি সদস্য ফজলুর রহমান প্রমুখ। আলোচনা সভা শেষে পরিষদ প্রাঙ্গণ থেকে বের হওয়া একটি র‍্যালি দামিহা বাজার হয়ে স্থানীয় প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত প্রদক্ষিণ করে।

# রাজশাহী অঞ্চল

## রাজশাহী শহর



কন্যাশিশুর নিরাপদ পরিবেশ নিশ্চিতের আহ্বান জানানোর মধ্য দিয়ে ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী সিটি ইউনিটের উদ্যোগে রাজশাহীর শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে কলেজের মিলনায়তনে আলোচনা সভা ও শিক্ষার্থীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে কলেজের অধ্যক্ষ গোলাম মওলা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন ইয়ুথ লিডার জাওয়াদ রাকীব এবং সজিব বিশ্বাস।

## চারঘাট উপজেলা, রাজশাহী

দি হাঙ্গার প্রজেক্ট ও অনলাইন পত্রিকা 'সকুল বার্তা'-এর যৌথ উদ্যোগে চারঘাট উপজেলায় পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে সরদহ আলাউদ্দিন মডেল স্কুলে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন



চারঘাট প্রেসক্লাবের সভাপতি অধ্যাপক এস এম মোজাম্মেল হক। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চারঘাট উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রাকিবুল ইসলাম। অন্যান্যদের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফাতেমা খাতুন, সিনিয়র শিক্ষক সাইফুল ইসলাম বাদশা, ফজলুর রহমান এবং সকুল বার্তা-এর ভারপ্রাপ্ত সম্পাদক নজরুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন। সভার শেষ পর্যায়ে রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করা হয়।

## মোহনপুর উপজেলা, রাজশাহী



উপজেলা প্রশাসনের আয়োজনে এবং দি হাঙ্গার প্রজেক্ট-এর সহযোগিতায় মোহনপুর উপজেলায় পালন করা হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় উপজেলার বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তা ও বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## মৌগাছি ইউনিয়ন, মোহনপুর উপজেলা, রাজশাহী



জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ পালন উপলক্ষে মৌগাছি ইউনিয়নের মৌগাছি উচ্চ বিদ্যালয় থেকে একটি র‍্যালি বের করা হয়। তিন শতাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে বের হওয়া র‍্যালিটি আশপাশের সড়কগুলো প্রদক্ষিণ করে বিদ্যালয় চত্বরে এসে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৌগাছি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শরিফুল ইসলাম। তিনি শিশুবিবাহ রোধে এবং কন্যাশিশুদের প্রতি যত্ন নেবার জন্য সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান।

## ধুরইল ইউনিয়ন, মোহনপুর উপজেলা, রাজশাহী

র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ধুরইল ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিনের শুরুতে মহব্বতপুর উচ্চ বিদ্যালয় থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উক্ত বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোঃ লুৎফর রহমান এবং ইউপি সদস্য ও নারীনেত্রী মোছাঃ ববিতা খাতুন প্রমুখ। সভায় প্রায় ২৫০ জন নারী ও পুরুষ উপস্থিত ছিলেন।

## বাকশিমইল ইউনিয়ন, মোহনপুর উপজেলা, রাজশাহী

জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উপলক্ষে বাকশিমইল ইউনিয়নের



খোলাবাড়িয়া উচ্চ বিদ্যালয়ে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। দিবসের শুরুতে বের হওয়া র‍্যালিটি মোহনপুর উপজেলা চত্বর প্রদক্ষিণ করে বাকশিমইল ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। পরে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাকশিমইল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মাহবুব আল রশীদ। সভায় প্রায় ২০০ জন নারী-পুরুষ উপস্থিত ছিলেন।

### জাহানাবাদ ইউনিয়ন, মোহনপুর উপজেলা, রাজশাহী



জাতির সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানানোর মধ্য দিয়ে জাহানাবাদ ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে একটি সচেতনতামূলক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। কেটিজীপাড়া মহেশপুর বালিকা উচ্চ বিদ্যালয় থেকে বের হওয়া র‍্যালিটি বিভিন্ন সড়ক ও বাজার প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে বিদ্যালয়ের মিলনায়তনে এক সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশগ্রহণ করেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শাকের আলী এবং ইউপি চেয়ারম্যান মোঃ ইসলাম আলী সরদার।

### নাটোর শহর

জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদযাপন উপলক্ষে নাটোর শহরে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি নাটোর পৌরসভা চত্বর থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালিতে নেতৃত্ব দেন পৌর মেয়র শেখ এমদাদুল হক আল মামুন। র‍্যালি শেষে পৌরসভা সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশ নিয়ে পৌর মেয়র বলেন, 'একটি জাতির সুস্থতা নির্ভর করে সে জাতির নারীরা কতটা সুস্থ। আর নারীকে সুস্থ হতে হলে বাল্যকাল থেকে কন্যাশিশুদের যত্ন নিতে হবে।' জেলার কমিটি, ইউজিপ-২ এর সভাপতি আয়েশা আক্তার তাঁর বক্তব্যে বাল্যবিবাহ বন্ধে সবাইকে জোরালো ভূমিকা পালনের আহ্বান জানান।

### গুরুদাসপুর উপজেলা, নাটোর

গুরুদাসপুর উপজেলার রোকেয়া স্কুল অ্যান্ড কলেজে পালিত জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে কলেজ প্রাঙ্গণ থেকে বের হওয়া একটি র‍্যালি উপজেলার গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ। র‍্যালিতে নেতৃত্ব দেন উক্ত কলেজের অধ্যক্ষ মোঃ সিরাজুল ইসলাম। এছাড়া উপস্থিত ছিলেন প্রভাষক জহুরুল ইসলাম, আনোয়ারা বেগম, জালাল উদ্দিন, এ এইচ এম একরামুল হক খোকন, সাহারা খাতুন এবং জেরিন বিনতে হক প্রমুখ। র‍্যালি শেষে কলেজ চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা শিশুবিবাহ বন্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

### খুবজীপুর ইউনিয়ন, গুরুদাসপুর উপজেলা, নাটোর

র‍্যালি, আলোচনা সভা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার মধ্য দিয়ে খুবজীপুর ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিবসের শুরুতে বিলশা স্কুল অ্যান্ড কলেজ চত্বর থেকে একটি র‍্যালি শুরু হয়। র‍্যালিতে নেতৃত্ব দেন ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম সোহেল। আলোচনায় অংশ নেন উক্ত কলেজের অধ্যক্ষ রসুল উদ্দিন মৃধা। তিনি তাঁর বক্তব্যে বাল্যবিবাহ বন্ধ করা, কন্যাশিশুদের যত্ন নেয়া এবং তাদের শিক্ষা ও পুষ্টি নিশ্চিত করার ওপর আলোচনা করেন। আলোচনা শেষে শিশুদের মাঝে চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার দেয়া হয়।

### ধারাবারিষা ইউনিয়ন, গুরুদাসপুর উপজেলা, নাটোর

ধারাবারিষা ইউনিয়নের পাটপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গণ থেকে বের হওয়া একটি র‍্যালি স্থানীয় সড়কগুলো প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় অংশ নিয়ে শিক্ষক হালিমা খাতুন বলেন, 'আমরা যদি কন্যাশিশুদের বিকশিত হওয়ার পরিবেশ সৃষ্টি করতে পারি, তাহলে তারা যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে পারবে এবং জাতির উন্নতিতে ভূমিকা রাখতে পারবে।' সভা শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

### সাগরকান্দি ইউনিয়ন, সুজানগর উপজেলা, নাটোর



র‍্যালি ও আলোচনা সভা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার মধ্য দিয়ে সাগরকান্দি ইউনিয়নে জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদযাপন করা হয়। দিবসের শুরুতে রিয়াজউদ্দীন উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনায় অংশ নেন শিক্ষক হালিমা খাতুন। আলোচনা সভা শেষে শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

### দুলাই ইউনিয়ন, সুজানগর উপজেলা, নাটোর

জাতীয় কন্যাশিশু দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে দুলাই উচ্চ বিদ্যালয় থেকে একটি সচেতনতা বৃদ্ধিমূলক র‍্যালি বের করা হয়। র‍্যালিতে উক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, উজ্জীবক, নারীনেত্রী এবং ইয়ুথ লিডাররা উপস্থিত ছিলেন। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনায় অংশ নেন শিক্ষক হালিমা খাতুন। আলোচনা সভার পর শিশুদের অংশগ্রহণে অনুষ্ঠিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হয়।

### নওগাঁ শহর



নওগাঁ শহরের উকিলপাড়ায় অবস্থিত [illegible] কোচিং সেন্টারে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সুজন নওগাঁ জেলা কমিটির সভাপতি ডি.এম. আব্দুল টিটো। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনতা ব্যাংকের

অবসরপ্রাপ্ত প্রকৌশলী আবুল কালাম আজাদ, সুজন জেলা কমিটির নিপিড়র সহ-সভাপতি মোজাম্মেল হোসেন, সহ-সভাপতি আবু রেজা ও সাধারণ সম্পাদক মাহমুদুন নবী বেলাল এবং ওয়েমার্ক কোচিং সেন্টার-এর পরিচালক মাহমুদ রশীদ জুয়েল প্রমুখ। সভায় সভাপতিত্ব করেন নারীনেত্রী এ্যাশন জাহান।

## পত্নীতলা ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে পত্নীতলা ইউনিয়নের খরাইল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও উচ্চ বিদ্যালয় থেকে একটি র‌্যালি বের করা হয়। র‌্যালিটি খরাইল মোড় প্রদক্ষিণ করে পুনরায় বিদ্যালয় প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। র‌্যালির পর অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন খরাইল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবুল মন্ডল। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান আশরাফুল ইসলাম। আলোচনা সভার পর ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং উপস্থিত অভিভাবকদের অংশগ্রহণে ঝুঁড়িতে বল নিক্ষেপ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

## কৃষ্ণপুর ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ

১২ অক্টোবর ২০১৫ কৃষ্ণপুর ইউনিয়নের পানিওড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে বের হওয়া একটি র‌্যালি সুবরাজপুর বাজার প্রদক্ষিণ করে পুনরায় বিদ্যালয় প্রাঙ্গণে ফিরে আসে। র‌্যালি শেষে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও অভিভাবক মায়েদের অংশগ্রহণে বালিশ খেলা অনুষ্ঠিত হয়। এরপর উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াকুব আলীর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন ইউপি সদস্য বেলাল হোসেন ও নুরুল ইসলাম, নারীনেত্রী তাহমিনা বেগম এবং লাভলী চৌধুরী প্রমুখ।

## শিহাড়া ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ



শিহাড়া ইউনিয়নের শিহাড়া সরকারি প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে বের হওয়া একটি র‌্যালি শিহাড়া বাজার প্রদক্ষিণ করে আবার বিদ্যালয়ে এসে শেষ হয়। র‌্যালির পর ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং অভিভাবক মায়েদের অংশগ্রহণে রশি টানাটানি খেলা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সাইফুল ইসলাম, ইউপি সদস্য বেলাল হোসেন, সিরাজুল ইসলাম এবং নারীনেত্রী মাহমুদা বেগম প্রমুখ।

## নজিপুর পৌরসভা, পত্নীতলা উপজেলা, নওগাঁ

উপজেলা প্রশাসন ও দি হাঙ্গার প্রজেক্ট-এর উদ্যোগে পত্নীতলার নজিপুর পৌরসভায় পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুল মালেক-এর নেতৃত্বে উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে একটি র‌্যালি বের করা হয়। র‌্যালির পর অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল হামিদ। বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মরিয়ম বেগম শেফা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুর রাজ্জাক এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফজলুর রহমান প্রমুখ।

## নজিপুর ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ

জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে নজিপুর ইউনিয়নের কেএমএইচ উচ্চ বিদ্যালয়ে আলোচনা সভা, উপস্থিত বক্তৃতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন কেএমএইচ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওমর ফারুক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নজিপুর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ মোফাজ্জল হোসেন। বক্তব্য রাখেন ইউপি সদস্য আজিজার রহমান, মমতাজ হোসেন, হাফেজুর রশিদ এবং নারীনেত্রী জেসমিন নাহার ও খুশি বেগম। আলোচনা সভার পরে শিক্ষার্থীদের অংশগ্রহণে উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

## পাটিচরা ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ



১২ অক্টোবর ২০১৫ বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পাটিচরা ইউনিয়নের মল্লিকপুর উচ্চ বিদ্যালয়ে জাতীয় কন্যাশিশু দিবস অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আতাউর রহমানের নেতৃত্বে একটি র‌্যালি বের করা হয়। র‌্যালির পর অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাটিচরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব আব্দুল খালেক। বক্তব্য রাখেন ইউপি সদস্য মনোয়ারা বেগম এবং বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোফাজ্জাকল ইসলাম। এরপর শিক্ষক রমজান আলী এবং আহমেদ বেলাল-এর পরিচালনায় উপস্থিত বক্তৃতা এবং সাধারণ জ্ঞান প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

## নিরমইল ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ

র‌্যালি, চিঠি লিখা ও আলোচনা সভার মধ্য দিয়ে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। দিবসের শুরুতে নিরমইল ইউনিয়ন পরিষদ মিলনায়তনে নারী সমাবেশ ও র‌্যালি অনুষ্ঠিত হয়। এরপর ইউনিয়নের চারটি শিক্ষা প্রতিষ্ঠানের ৬৪০ জন শিক্ষার্থী তাদের অভিভাবকের নিকট "পরিণত বয়সের আগে বিয়ে নয়-লিখাপড়া করতে চাই" বিষয়ের উপরে চিঠি লিখে। সবশেষে ইউপি সদস্য নাদিরা বেগম-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিরমইল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান। সভায় আরও উপস্থিত ছিলেন ইউপি সদস্য রাশেদুল ইসলাম এবং ইউনিয়ন সুজন কমিটির সভাপতি আলোক চাঁদ বর্মন প্রমুখ।

## মহাদেবপুর ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ

কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিতের আহ্বান জানানোর মধ্য দিয়ে জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ পালিত হয়। দিবসের শুরুতে জাহাঙ্গীরপুর মডেল উচ্চ বিদ্যালয় থেকে র‌্যালি বের হয়। র‌্যালি শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিতর্ক শেষে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক আকবর আলীর সভাপতিত্বে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সহকারী শিক্ষক ইব্রাহিম হোসেন, আরিফুল হক এবং নুরুল ইসলাম দিবস পালনের তাৎপর্য তুলে ধরে বক্তব্য উপস্থাপন করেন।

## মাটিন্দর ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ

র‌্যালি, চিঠি লিখা, বিতর্ক প্রতিযোগিতা ও আলোচনা সভার মধ্য দিয়ে মাটিন্দর ইউনিয়নের বামইলে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

দিবসের শুরুতে বামইল উচ্চ বিদ্যালয় হতে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে বিদ্যালয়ের ৪৭০ শিক্ষার্থী তাদের অভিভাবকের নিকট 'মানুষ হিসেবে পরিচিত হতে চাই' বিষয়ের ওপরে চিঠি লিখে। এরপর শিক্ষার্থীদের অংশগ্রহণে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিতর্ক শেষে বামইল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোশাররফ হোসেনের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

## ঘোষনগর ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ

নানা কর্মসূচির মধ্য দিয়ে ঘোষনগর ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবস পালনের কর্মসূচি শুরু হয় র‍্যালির মধ্য দিয়ে। র‍্যালিটি গগনপুর ফুটবল মাঠ হতে স্থানীয় বাজার প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে গগনপুর উচ্চ বিদ্যালয়ে উপস্থিত বক্তৃতা এবং বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এরপর ঘোষনগর ইউনিয়নের নারীনেত্রী রাজিয়া সুলতানার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

## আমাইড় ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ

আমাইড় ইউনিয়নেও র‍্যালি, বিতর্ক প্রতিযোগিতা ও আলোচনা সভার মধ্য দিয়ে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। শুরুতে ইউনিয়ন পরিষদ থেকে একটি র‍্যালি বের হয়। র‍্যালিটি শিমুলিয়া মোড় ও বাজার প্রদক্ষিণ করে পুনরায় ইউনিয়ন পরিষদে গিয়ে শেষ হয়। র‍্যালি শেষে নারীনেত্রী মর্জিনা বেগম-এর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান আব্দুর রকিব, ইউপি সদস্য আব্দুর রাজ্জাক সরদার দুলাল, আমজাদ হোসেন এবং আব্দুল হালিম প্রমুখ। আলোচনা সভার শেষ পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## আকবরপুর ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ



বাল্যবিবাহ বন্ধ করা ও কন্যাশিশুর নিরাপদ পরিবেশ নিশ্চিত করার আহ্বান জানানোর মধ্য দিয়ে আকবরপুর ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে অনুষ্ঠিত র‍্যালিতে তিনটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও স্থানীয় স্বেচ্ছাব্রতীগণ অংশগ্রহণ করেন। এরপর ইউনিয়নের চারটি শিক্ষা প্রতিষ্ঠানের ৫৪০ জন শিক্ষার্থী তাদের অভিভাবকের নিকট "মেয়ে নয়, মানুষ হিসেবে আমাকে বড় হতে দাও" বিষয়ের ওপরে চিঠি লিখে। সবশেষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন নারীনেত্রী আনজুমান আরা। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান আক্কাস আলী, ইউপি সদস্য নুরুল ইসলাম, মোসলেম উদ্দিন, ফিরোজ চৌধুরী এবং শিক্ষক তপন কুমার মন্ডল প্রমুখ।

## নিরর ইউনিয়ন, পত্নীতলা উপজেলা, নওগাঁ

জাতীয় কন্যাশিশু দিবসে নিরর ইউনিয়নের শীকরাইল বহুমুখী উচ্চ বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ ও র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিতে ইউনিয়নের চারটি শিক্ষা প্রতিষ্ঠানের সাত শ' শিক্ষার্থী অংশগ্রহণ করে। র‍্যালি শেষে শীকরাইল বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাদেল আলীর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান নুরুজ্জামান, ইউপি সদস্য এনামুল হক, ফজলুর রহমান



এবং শাহাউদ্দিন আকন্দ প্রমুখ। আলোচনা সভা শেষে ইউনিয়নের চারটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের চিত্রাঙ্কন ও সুন্দর হাতের লিখা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার দেয়া হয়।

# রংপুর অঞ্চল

## রংপুর শহর



কন্যাশিশুদের অধিকার ও নিশ্চিত করার আহ্বান জানানোর মধ্য দিয়ে রংপুর শহরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ স্থানীয় পাবলিক লাইব্রেরি মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম রংপুর জেলা কমিটির সভাপতি অধ্যক্ষ খন্দকার ফখরুল আনাম বেঞ্জু। অতিথি হিসেবে বক্তব্য রাখেন সুজন রংপুর জেলা কমিটির সম্পাদক আকবর হোসেন, জাতীয় কন্যাশিশু ফোরাম রংপুর জেলা কমিটির সম্পাদক শাহজাদি নাহার, বিকশিত নারী নেটওয়ার্ক রংপুর জেলা কমিটির সম্পাদক সামসি আরা জামান এবং সুজন রংপুর মহানগর সম্পাদক সাজ্জাদ হায়দার স্বাধীন প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা কন্যাশিশুদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা, তাদের অধিকার প্রতিষ্ঠা এবং নির্যাতন ও বৈষম্য রোধকল্পে যথাযথ আইন প্রণয়নের দাবি জানান। একইসাথে পুষ্টি ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে পারিবারিক সচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেন। সভার শেষ পর্যায়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার দেয়া হয়। সবশেষে বের হওয়া একটি র‍্যালি শহরের গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে।

## গংগাচড়া উপজেলা, গংগাচড়া, রংপুর



ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ১২ অক্টোবর ২০১৫ গংগাচড়া উপজেলায় পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে হাজী মোশাররফ হোসেন বালিকা উচ্চ বিদ্যালয় থেকে একটি র‍্যালি বের হয়। র‍্যালি শেষে বিদ্যালয়ের মাঠে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইদুল ইসলাম, সহকারী শিক্ষকবৃন্দ এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। প্রধান শিক্ষক সাইদুল ইসলাম তাঁর বক্তব্যে কন্যাশিশুর ওপর সংঘটিত নানা ধরনের নির্যাতনের কথা তুলে ধরেন। তিনি জাতির সমৃদ্ধি নিশ্চিতে কন্যাশিশুদের পারিবারিক ও সামাজিক নিরাপত্তা নিশ্চিতের ওপর গুরুত্বারোপ করেন।

## গংগাচড়া ইউনিয়ন, গংগাচড়া উপজেলা, রংপুর

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ গংগাচড়া ইউনিয়নের বাবুর পূর্বপাড়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ে র‍্যালি ও আলোচনা সভা

অনুষ্ঠিত হয়। দিবসের শুরুতে বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালির পর বিদ্যালয়ের মাঠে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় অংশ নেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মতিয়ার রহমান, সহকারী শিক্ষকবৃন্দ এবং দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ-এর এলাকা সমন্বয়কারী শ্যামল মন্ডল। প্রধান শিক্ষক মতিয়ার রহমান তাঁর বক্তব্যে পরিবার থেকে কন্যাশিশুদের যত্ন নেয়া ও সামাজিকভাবে তাদের নিরাপত্তা নিশ্চিতের উপর গুরুত্বারোপ করেন।

## আলমবিদিতর ইউনিয়ন, গংগাচড়া, রংপুর



জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ আলমবিদিতর ইউনিয়নের আলমবিদিতর উচ্চ বিদ্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় বক্তব্য রাখেন নারীনেত্রী শাহানুরজাহান, সহকারী শিক্ষক মোঃ হাবিবুল্লাহ এবং এ.বি.এম খলিলুর রহমান প্রমুখ। বক্তারা জাতীয় কন্যাশিশু দিবস পালনের গুরুত্ব, বাল্যবিবাহের কুফল এবং কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিতের গুরুত্ব তুলে ধরেন। আলোচনা সভার পর বের হওয়া একটি র‍্যালি স্থানীয় মডেলের বাজার ও প্রধান প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে।

## লক্ষীটারী ইউনিয়ন, গংগাচড়া, রংপুর

১২ অক্টোবর ২০১৫ লক্ষীটারী ইউনিয়নের চর ইশোরকুল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে উদ্‌যাপিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে শিক্ষার্থী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের অংশগ্রহণে বিদ্যালয় চত্বর থেকে একটি র‍্যালি বের হয়। র‍্যালির পর আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় বক্তব্য রাখেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ আজিজার রহমান, প্রধান শিক্ষক আসাদুল হক এবং সহকারী শিক্ষকবৃন্দ।

## গজঘন্টা ইউনিয়ন, গংগাচড়া, রংপুর




র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ১২ অক্টোবর ২০১৫ গজঘন্টা ইউনিয়নের রাজবল্লভ দাখিল মাদ্রাসায় পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন নারীনেত্রী শিল্পি বেগম, উজ্জীবক রেজাউল ইসলাম এবং রাজবল্লভ দাখিল মাদ্রাসার সহকারি প্রধান শিক্ষক মোঃ মোসলেম উদ্দিন। বক্তারা বলেন, 'কন্যাশিশু আমাদের জন্য বোঝা নয়, বরং সম্পদ। এ সম্পদকে আমাদের কাজে লাগাতে হবে। বাল্যবিবাহ বন্ধ করে কন্যাশিশুদের বিকশিত হওয়ার সুযোগ দিতে হবে।'

## মর্নেয়া ইউনিয়ন, গংগাচড়া উপজেলা, রংপুর

১২ অক্টোবর ২০১৫ মর্নেয়া ইউনিয়নের মৌভাসা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে একটি র‍্যালি বের হয়। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উজ্জীবক আবু সাঈদ এবং নারীনেত্রী রাহেলা বেগম। সভায় অংশগ্রহণকারী সকলে কন্যাশিশুদের নিরাপত্তা নিশ্চিত করা এবং সকল নির্যাতিত কন্যাশিশুর পাশে দাঁড়ানোর জন্য অঙ্গীকার ব্যক্ত করেন।

## নোহালী ইউনিয়ন, গংগাচড়া উপজেলা, রংপুর




আলোচনা সভা ও র‍্যালির মধ্য দিয়ে ১২ অক্টোবর ২০১৫ নোহালী ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে কে.এন.বি উচ্চ বিদ্যালয়ে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাহবুবার রহমান, পরিমল চন্দ্র রায়, মোঃ আসাদুজ্জামান এবং অজিত কুমার রায় প্রমুখ। বক্তারা কন্যাশিশুদের বিভিন্ন অধিকার নিয়ে বিস্তারিত আলোচনা করেন। উপস্থিত সবাই নিজ নিজ অবস্থান থেকে কন্যাশিশুদের অধিকার রক্ষায় অঙ্গীকার করেন। আলোচনা শেষে একটি র‍্যালি বের করা হয়।

## কোলকোন্দ ইউনিয়ন, গংগাচড়া উপজেলা, রংপুর

১২ অক্টোবর ২০১৫ কোলকোন্দ ইউনিয়নের কোলকোন্দ এম এম উচ্চ বিদ্যালয়ে উদ্‌যাপিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে দিবসের শুরুতে র‍্যালি বের হয়। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন কোলকোন্দ ইউনিয়ন কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর সাধারণ সম্পাদক মোঃ আবুল কালাম, বিদ্যালয়ের শিক্ষক মোঃ নাজির হোসেন ফারুক, প্রদীপ চন্দ্র রায় এবং ইয়ুথ লিডার শেহে খোদা প্রমুখ। বক্তারা কন্যাশিশুর অধিকার প্রতিষ্ঠা ও তাদের বিকশিত হওয়ার পরিবেশ নিশ্চিতের আহ্বান জানান।

## বড়বিল ইউনিয়ন, গংগাচড়া উপজেলা, রংপুর



১২ অক্টোবর ২০১৫ গংগাচড়া উপজেলার বড়বিল ইউনিয়নের বাগপুর কাদেরীয়া দাখিল মাদ্রাসায় উদ্‌যাপিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসটি উপলক্ষে অনুষ্ঠিত র‍্যালি শেষে আলোচনা সভায় বক্তব্য রাখেন মাদ্রাসার অধ্যক্ষ আব্দুস সালাম, নারীনেত্রী আশরিকা বেগম, ইউপি সদস্য দুলু মিয়া এবং ইয়ুথ লিডার মোমাইনুল প্রমুখ। আলোচনা সভায় বক্তারা বাল্যবিবাহ বন্ধে সকলকে সোচ্চার হওয়ার আহ্বান জানান। বক্তারা আরও বলেন, 'সমাজের অর্ধেক জনগোষ্ঠী নারীকে পিছিয়ে রেখে সামগ্রিকভাবে দেশের উন্নয়ন সম্ভব নয়। তাই কন্যাশিশুর উপর সকল ধরনের বৈষম্য দূর করার লক্ষ্যে সকলকে এগিয়ে আসতে হবে।'

## চতরা ইউনিয়ন, পীরগঞ্জ উপজেলা, রংপুর

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ চতরা ইউনিয়নে আলোচনা সভা ও বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন চতরা বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইমরান আলী। বক্তব্য রাখেন সহকারী শিক্ষক মোঃ রহিম মিয়া, স্থানীয় উজ্জীবক মোঃ ওসমান গনি এবং দি হাঙ্গার প্রজেক্ট-এর ইউনিয়ন সমন্বয়কারী মোঃ লুৎফর রহমান

প্রমুখ। আলোচনা সভায় বক্তারা বাল্যবিবাহ বন্ধ করা এবং কন্যাশিশুদের বিকশিত করে তোলার উপযুক্ত পরিবেশ নিশ্চিতের আহ্বান জানান। আলোচনা সভার পর একটি র‍্যালি বের হয়।

### কাবিলপুর ইউনিয়ন, পীরগঞ্জ উপজেলা, রংপুর



বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে ১২ অক্টোবর ২০১৫ কাবিলপুর ইউনিয়নে জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপিত হয়। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন খানেরহাট মনিকৃষ্ণ সেন ছিট নং্রয়ের প্রধান শিক্ষক মোঃ মোবারোক আলী মিলন, সহকারী শিক্ষক মোঃ মিটন, সমাজসেবক মোঃ হাফিজার রহমান প্রমুখ। আলোচনা সভা শেষে প্রায় তিন শতাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।

### বালাপাড়া ইউনিয়ন, ডিমলা উপজেলা, নীলফামারী

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ বালাপাড়া ইউনিয়নের বালাপাড়া নিউ মডেল বালিকা উচ্চ বিদ্যালয় চত্বর থেকে একটি র‍্যালি বের হয়। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম। বক্তব্য রাখেন দি হাঙ্গার প্রজেক্ট-এর ইউনিয়ন সমন্বয়কারী আজিবর রহমান সেন্টু, নারীনেত্রী শেফালী বেগম এবং সাংবাদিক লাইছু ইসলাম প্রমুখ। বক্তারা কন্যাশিশুর নিরাপদ পরিবেশ সৃষ্টি করার জন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

### খালিশাচাপানী ইউনিয়ন, ডিমলা উপজেলা, নীলফামারী

বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ১২ অক্টোবর ২০১৫ খালিশাচাপানী ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিবসের শুরুতে ছাতিয়া মিঠুণী উচ্চ বিদ্যালয় থেকে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে বিদ্যালয়ের শ্রেণিকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন খালিশাচাপানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সামছুল হক হুদা। বক্তব্য রাখেন দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ-এর উজ্জীবক ও গণগবেষক সৌলত জামান এবং নারীনেত্রী খালিদা বেগম প্রমুখ। বক্তারা বলেন, "কন্যাশিশুরা সমাজের অর্ধেক অংশ। তাদের উন্নয়নের ধারায় না আনা গেলে কোনো উন্নয়নই টেকসই হবে না।"

### কুড়িগ্রাম শহর



জেলা প্রশাসন, জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম ও এএসএডি সংস্থা-এর আয়োজনে ১২ অক্টোবর ২০১৫ কুড়িগ্রাম শহরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে শহরের বিজয়স্তম্ভ চত্বরে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপস্থিত ছিলেন কুড়িগ্রামের জেলা প্রশাসক খান মোঃ নুরুল আমিন, প্ল্যানের প্রতিনিধির আহ্বান শিখন এবং এএসএডি-এর সমন্বয়কারী রেশমা সুলতানা প্রমুখ। আলোচনা সভা শেষে বের হওয়া একটি বর্ণাঢ্য র‍্যালি শহরের গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে।

### দিনাজপুর শহর



বিকশিত নারী নেটওয়ার্ক দিনাজপুর জেলা শাখার আয়োজনে এবং দি হাঙ্গার প্রজেক্ট-এর সহযোগিতায় দিনাজপুর শহরে উদ্‌যাপিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে ইনস্টিটিউট প্রাঙ্গণ হতে এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালিটি নেতৃত্ব দেন বিকশিত নারী নেটওয়ার্ক দিনাজপুর জেলা শাখার সভাপতি হাসনিন লুনা এবং সাধারণ সম্পাদক আইরিন লাকিক। র‍্যালি শেষে দিবস পালনের প্রতিপাদ্য তুলে ধরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

## সিলেট অঞ্চল

### ব্রাহ্মণবাড়িয়া শহর



কন্যাশিশু নিরাপত্তা নিশ্চিতের আহ্বান জানানোর মধ্য দিয়ে ব্রাহ্মণবাড়িয়া শহরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। বিকশিত নারী নেটওয়ার্ক ও ইয়ুথ এন্ডিং হাঙ্গার ব্রাহ্মণবাড়িয়া ইউনিটের যৌথ আয়োজনে দিবসটি পালিত হয়। দিবসের শুরুতে ব্রাহ্মণবাড়িয়া প্রেসক্লাবের সামনে র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন আয়েশা খাতুন, আফরোজা খাতুন রেণী, নাজমা চৌধুরী, রুপা চৌধুরী, হালিমা মোর্শেদ, ফরিদা বেগম, আমিরা বেগম এবং রিয়া আক্তার প্রমুখ।

### কালিকচ্ছ ইউনিয়ন, সরাইল উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া (ছবিঃ ২



র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে সরাইল উপজেলার কালিকচ্ছ ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। দিবসের শুরুতে কালিকচ্ছ অর্ঘ্যতিমান বিদ্যার গার্ডেন থেকে র‍্যালি বের করা হয়। র‍্যালিতে নেতৃত্ব দেন স্থানীয় নারীনেত্রী নাজমা বেগম। র‍্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তারা বাল্যবিবাহ বন্ধ করে কন্যাশিশুদের নিরাপত্তা ও শিক্ষা ও পুষ্টির অধিকার নিশ্চিত করার আহ্বান জানান।

### নাজিরাবাদ ইউনিয়ন, মৌলভীবাজার সদর উপজেলা

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে নাজিরাবাদ ইউনিয়নের বৈদ্যমাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালির পর অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মোশাহিদ মিয়া। প্রধান অতিথি হিসেবে



উপস্থিত ছিলেন নিতাই দেবনাথ। তিনি তাঁর বক্তব্যে বলেন, 'দেশের বৃহৎ জনগোষ্ঠী হিসেবে কন্যাশিশুদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত হবে, তাদের বাল্যবিয়ে দেয়া যাবে না এবং তাদের বিকশিত হওয়ার সুযোগ করে দিতে হবে। তাহলে দেশের সামগ্রিক সমৃদ্ধি নিশ্চিত হবে।' অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অনন্ত দেবনাথ, নারীনেত্রী চন্দনা বিশ্বাস এবং নাজমা বেগম প্রমুখ।

## আমতৈল ইউনিয়ন, মৌলভীবাজার সদর উপজেলা



১২ অক্টোবর, ২০১৫ সকাল ১১.০০টায় আমতৈল ইউনিয়নের আমতৈল বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিতে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও স্থানীয় উজ্জীবক, নারীনেত্রী, ইয়ুথ লিডার ও গণমান্য ব্যক্তিবর্গ অংশ নেন। র‍্যালির পর অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন স্থানীয় জনপ্রতিনিধি জাকির মিয়া। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক জেবুন খান। অনুষ্ঠানে উপস্থিত সবাই কন্যাশিশুদের নিরাপত্তা ও অধিকার প্রতিষ্ঠায় নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা পালনের অঙ্গীকার করেন।

## শ্রীমঙ্গল ইউনিয়ন, শ্রীমঙ্গল উপজেলা, মৌলভীবাজার

র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে শ্রীমঙ্গল ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫। এ উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ শ্রীমঙ্গল আদর্শ



মহিলা উচ্চ বিদ্যালয় ও কলেজে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ অসিত কুমার পালের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন শিক্ষক বাণী রায়, মাওলানা নূর মোহাম্মদ বোরহান, মোঃ ফারুক আলম, আবু সুফিয়ান মিন্টু, নুসরাত সুলতানা এবং জাহানারা আক্তার রুপী প্রমুখ। শিক্ষার্থীদের পক্ষ থেকে অনুভূতি ব্যক্ত করেন নবম শ্রেণির ছাত্রী ইয়াছমিন আক্তার শিরীন। সভার শেষ পর্যায়ে কন্যাশিশুদের নিরাপত্তা ও অধিকার রক্ষায় নিজ নিজ অবস্থান ভূমিকা পালনে উপস্থিত সবাই শপথ বাক্য পাঠ করেন।

## কালাপুর ইউনিয়ন, শ্রীমঙ্গল উপজেলা, মৌলভীবাজার



১২ অক্টোবর, ২০১৫ শ্রীমঙ্গল উপজেলার কালাপুর ইউনিয়নের কাকিয়াবাজার উচ্চ বিদ্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক ক্ষিতীশ চন্দ্র পাল। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সোহেল আহমেদ সিদ্দিকী, শিক্ষক মাহমুদা সুলতানা, শাহিনা আক্তার, শাহানাজ পারভীন, স্বপ্না মজুমদার এবং মিজানুর রহমান প্রমুখ। শিক্ষার্থীদের পক্ষ থেকে অনুভূতি ব্যক্ত করেন নবম শ্রেণির ছাত্রী অজন্তা দেবনাথ। সভার শেষ পর্যায়ে সকলে হাতে হাত মিলিয়ে কন্যাশিশুদের অধিকার প্রতিষ্ঠা ও নিরাপত্তা নিশ্চিতে ভূমিকা রাখার শপথ করেন।

# ফোরাম-এর সহযোগী সংগঠনের-এর উদ্যোগে জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন

## ফ্রয়বেল এডুকেশন স্কুল সোসাইটি



ফ্রয়বেল এডুকেশন স্কুল সোসাইটি ও জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর যৌথ উদ্যোগে দারুস সালাম থানা, মিরপুর, ঢাকায় পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে ৮ অক্টোবর ২০১৫ মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ও তৎসংলগ্ন মাঠে প্রাঙ্গণে র‌্যালি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, শিশু সমাবেশ, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর কেন্দ্রীয় কমিটির সম্পাদক নাছিমা আক্তার জলি শান্তির প্রতীক কবুতর উড়িয়ে র‌্যালির উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দু বারের এভারেস্ট বিজয়ী একমাত্র বাংলাদেশি এ ম এ মুহিত। বিশেষ অতিথি ছিলেন মিরপুর সিদ্ধান্ত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুল ওহাব এবং মডেল একাডেমির প্রধান শিক্ষক বাবু জগদীশ বিশ্বাস। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ফ্রয়বেল এডুকেশন স্কুল সোসাইটি-এর সাধারণ সম্পাদক জাহাঙ্গীর সুলতান।

## এ্যালায়েন্স ফর কো-অপারেশন এ্যান্ড লিগ্যাল এইড বাংলাদেশ-একলাব



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১২ অক্টোবর ২০১৫ জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম-এর উদ্যোগে রাজধানীর শাহবাগ থেকে একটি বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। বেলুন উড়িয়ে র‌্যালির উদ্বোধন করেন জনাব মেহের আফরোজ চুমকি এমপি- মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। র‌্যালিতে বিভিন্ন স্লোগান সম্বলিত ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশগ্রহণ করে এ্যালায়েন্স ফর কো-অপারেশন এ্যান্ড লিগ্যাল এইড বাংলাদেশ-একলাব। র‌্যালি শেষে অনুষ্ঠিত আলোচনা সভা, পুরস্কার বিতরণী, সাংস্কৃতিক অনুষ্ঠানেও যোগদান করে একলাব-এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

## আনন্দ শিশু কল্যাণ সংস্থা

জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উপলক্ষে আনন্দ শিশু কল্যাণ সংস্থা গাজীপুর-এর আয়োজনে আলোচনা সভা ও র‌্যালির আয়োজন করা হয়। দিবসের শুরুতে আনন্দ শিশু কল্যাণ সংস্থার স্কুল মাঠ থেকে একটি র‌্যালি বের করা হয়। র‌্যালির পর অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন আনন্দ শিশু কল্যাণ সংস্থার সভাপতি আয়েশা বেগম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষক পরিষদ ফাউন্ডেশনের সভাপতি রুমা আক্তার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর সিটি করপোরেশনের মহিলা কাউন্সিলর খন্দকার মুসলেমাহার। সভায় বক্তারা কন্যাশিশুদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিতের আহ্বান জানান।



## কারিতাস বাংলাদেশ




১২ অক্টোবর রাজধানী ঢাকায় জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম আয়োজিত র‌্যালি ও আলোচনা সভায় কারিতাস-এর কেন্দ্রীয় কার্যালয়ের ৫০ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। এছাড়া কারিতাস ঢাকা অঞ্চলের আয়োজনে ঢাকা জেলার মিরপুর ও রূপগঞ্জ, গাজীপুর জেলার কালিগঞ্জ ও ফুলবাড়িয়ায়, মুন্সিগঞ্জ জেলায় লৌহজং ও সিরাজদিখানে এ, কারিতাস বরিশাল অঞ্চলের বিভিন্ন উপজেলা যেমন, বানারীপাড়া, কালকিনি, উজিরপুর, কোটালীপাড়া এবং টুংগীপাড়া উপজেলায়, কারিতাস খুলনা অঞ্চলের বিভিন্ন উপজেলা যেমন, মেহেরপুর, সাতক্ষীরা, ডুমুরিয়া, রামপাল, ঝিকরগাছা, দামুড়হুদা, মোংলা, মুকসুদপুর, গোপালগঞ্জ, কলারোয়া, আশাশুনি, কালিগঞ্জ, শ্যামনগর ও খুলনা শহরে, কারিতাস চট্টগ্রাম অঞ্চলের উদ্যোগে চট্টগ্রাম শহরের কদমী মিস্ত্রী রোড, দক্ষিণ মধ্যম হালিশহর, বন্দর-চট্টগ্রামস্থ ঝাঝিরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, কারিতাস দিনাজপুর অঞ্চলের উদ্যোগে বিরামপুর উপজেলার দাসড়া গ্রামে এবং কারিতাস রাজশাহী অঞ্চলের অধীনে শাইন প্রকল্পের শিশুদের নিয়ে জাতীয় কন্যাশিশু দিবস-২০১৫ উদযাপন করা হয়। এ উপলক্ষে গৃহীত অনুষ্ঠানের মধ্যে ছিল আলোচনা সভা, র‌্যালি, মানববন্ধন, সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি।